

মেঘনা আলমকে হত্যার হুমকি দিচ্ছে সাবেক সৌদি রাষ্ট্রদূতের পরিবার -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৯ ঃ মেহেরপুর-শুক্রবার ৩ অক্টোবর ২০২৫ ইং ঃ ১৮ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১০ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

উইমেন'স ওয়ানডে বিশ্বকাপ

## পাকিস্তানকে গুঁড়িয়ে বিশ্বকাপ শুরু বাংলাদেশের

ক্রীড়া প্রতিবেদক

বোলারদের দুর্দান্ত বোলিংয়ের পর অভিষেকে চমৎকার ইনিংস খেললেন রুবাইয়া হায়দার, পরপর দুই বিশ্বকাপে পাকিস্তানকে হারাল বাংলাদেশ। পাকিস্তানকে গুঁড়িয়ে বিশ্বকাপ শুরু বাংলাদেশের দুর্দান্ত বোলিংয়ে পাকিস্তানকে অল্প রানে থামিয়ে অর্ধেক কাজ সেরে রাখেন বোলাররা। ২৮ বছর বয়সে ওয়ানডে অভিষেকে স্ট্রোকসমৃদ্ধ ব্যাটিংয়ে ফিফটি করে দলকে কাঙ্ক্ষিত ঠিকানায় পৌঁছে দিলেন রুবাইয়া হায়দার ঝিলিক। দাপুটে জয়ে বিশ্বকাপ অভিযান শুরু করল বাংলাদেশ। ২০২৫ উইমেন'স ওয়ানডে বিশ্বকাপে এই দুই দলের প্রথম ম্যাচে বাংলাদেশের জয় ৭ উইকেটে। কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে বৃহস্পতিবার ১৩০ রানের লক্ষ্য ১১৩ বল বাকি থাকতে ছুঁয়ে ফেলে নিগার সুলতানার দল। ২০২২ সালে প্রথমবার উইমেন'স ওয়ানডে বিশ্বকাপে অংশ নিয়ে বাংলাদেশ একমাত্র

২-এর পৃষ্ঠা দেখুন



# দেবী মায়ের বিদায়ে অশ্রুসিক্ত ভক্তরা

## মেহেরপুরে সম্পন্ন বিসর্জন উৎসব

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে শোভাযাত্রা, পূজা-অর্চনা ও নানা ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে বৃহস্পতিবার বিকালে সম্পন্ন হয়েছে শারদীয় দুর্গাপূজার বিসর্জন উৎসব। বিজয়া দশমীর প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে সমাপ্তি ঘটে পাঁচদিনব্যাপী শারদীয় দুর্গোৎসবের। সকাল থেকে জেলার বিভিন্ন পূজামণ্ডপে চলে বিহিত পূজা, দর্পণ বিসর্জন ও অন্যান্য অনুষ্ঠান। দুপুরের পর থেকেই প্রতিমা নিয়ে শুরু হয় বর্ণাঢ্য শোভাযাত্রা। শহর ও গ্রামীণ মণ্ডপ থেকে প্রতিমা নিয়ে বের হন ভক্তরা। পরে আনুষ্ঠানিকভাবে ৩৯টি প্রতিমা বিসর্জনের মধ্য

২-এর পৃষ্ঠা দেখুন

## ছোট্ট শিশু, বড়ো শোক: মটমুড়ার নবজাতকের পরাজয়

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া গ্রামের বাঁশবাগান থেকে উদ্ধার হওয়া সদ্যজাত কন্যাশিশুটি চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। স্থানীয় হাসপাতালের চিকিৎসকেরা জানান, জন্মের পর নাভি না বাঁধার কারণে শিশুর শরীরের অধিকাংশ রক্ত বেরিয়ে যায়। পরে তার অবস্থা আর উন্নতি হয়নি। স্থানীয়রা গত ৩০ সেপ্টেম্বর দুপুরে শিশুটিকে বাঁশবাগান থেকে উদ্ধার করেন। প্রথমে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পর অবস্থার অবনতি হলে শিশুটিকে উন্নত চিকিৎসার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হওয়ার পর বুধবার (১ অক্টোবর) মধ্যরাত থেকে শিশুটি প্রচণ্ড শ্বাসকষ্টে ভুগতে শুরু করে। অক্সিজেন ও অন্যান্য চিকিৎসা সত্ত্বেও শিশুর অবস্থার উন্নতি হয়নি। দুই দিন ইনকিউবেটরে চিকিৎসাধীন থাকার পর তাকে আইসিইউতে নেওয়া হয়। হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. সাউদ কবির জানান, "শিশুর নিউমোনিয়া বেড়ে যাওয়ায় শ্বাসকষ্ট তীব্র হয়ে যায় এবং তাকে বাঁচানো সম্ভব হয়নি।" মেহেরপুর সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক আমিনা আক্তার বলেন, "শিশুটিকে বাঁচানোর জন্য সবরকম চেষ্টা করা হয়েছিল। তবে শ্বাসকষ্ট এবং রক্তক্ষরণের কারণে চিকিৎসা কার্যকর হয়নি।" শিশুর ডিএনএ পরীক্ষা করার জন্য নমুনা সংগ্রহ করা হয়েছে।

প্রাথমিক ধারণা করা হচ্ছে, লোকলজ্জা ও সামাজিক কারণে সম্ভবত অবৈধ সম্পর্কের ফল হিসেবে শিশুটিকে ফেলে দেওয়া হয়েছিল। সমাজসেবা কর্মকর্তা আরশাদ আলী জানিয়েছেন, শিশু কল্যাণ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী তার দাফন সম্পন্ন করা হবে। তদন্তে জানা গেছে, মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে মটমুড়া গ্রামের দক্ষিণপাড়া পুজামণ্ডব সংলগ্ন বাঁশবাগান থেকে নবজাতকটিকে উদ্ধার করেন আনসার সদস্যরা। পুজামণ্ডবের দায়িত্বে থাকা আনসার ভিডিপি সদস্য ইমরান হোসাইন শিশুটিকে উদ্ধার করে স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। পরে উন্নত চিকিৎসার জন্য

২-এর পৃষ্ঠা দেখুন





## গাংনী প্রাণিসম্পদ হাসপাতালে খামারিরা ভোগান্তিতে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা প্রাণিসম্পদ হাসপাতাল দীর্ঘদিন ধরে জনবল সংকটে ভুগছে। মোট ১১টি পদের মধ্যে ছয়টি পদ শূন্য থাকায় গবাদিপশু ও পাখির চিকিৎসা সঠিকভাবে দেওয়া সম্ভব হচ্ছে না। এর ফলে খামারিরা বাধ্য হয়ে বাইরে চিকিৎসকের কাছে অতিরিক্ত খরচ

২-এর পৃষ্ঠা দেখুন

## নিখোঁজের ৯ ঘন্টা পর মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়ার মিরপুরে নিখোঁজ হওয়ার নয় ঘণ্টা পর রাইসা খাতুন (৭) নামে এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে। গতকাল বুধবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার বহলবাড়িয়া ইউনিয়নের নওদা খাদিমপুর এলাকার বাড়ির পেছনের একটি ডোবা থেকে পুলিশ শিশুটির মরদেহ উদ্ধার করে। রাইসা ওই এলাকার আকরাম সরদারের মেয়ে। পুলিশ জানায়, শিশুটি সম্ভবত পা পিছলে ডোবার পানিতে পড়ে মারা গেছে। মির-পুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল হক বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন





## গাংনীতে আদর্শ শিক্ষক ফেডারেশনের কর্মশালা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের উদ্যোগে একটি শিক্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলার চৌগাছা দারুল ইয়াতীম মাদ্রাসা প্রাঙ্গণে এ কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াত ইসলামী

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে যাত্রীবাহী বাসের চাপায় শিশুসহ দুজন নিহত

নিজস্ব প্রতিবেদক

ঝিনাইদহে যাত্রীবাহী বাসের চাপায় এক শিশুসহ দুজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেলে সদর উপজেলার আঠারো মাইল এলাকায় ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ব্যক্তিরা হলেন সদর উপজেলার নগরবাথান গ্রামের ভ্যানচালক নজরুল ইসলাম ও পাশের চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার সিফাত হোসেন নামের আট বছর বয়সী এক শিশু। ঝিনাইদহের আরাপপুর

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিতে হিন্দুদের খাদ্যসামগ্রী বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে হিন্দু সম্প্রদায়ের শতাধিক অসহায় পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেছেন জামায়াতে ইসলামী মেহেরপুর সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ার আড়ুয়াপাড়ায় বাসায় চুরি

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়া এলাকায় বহুতল একটি ভবনের দুই ফ্ল্যাটে চুরি হয়েছে। প্রথম ফ্ল্যাটে থাকতেন আইনজীবী প্রবীর স্যানাল, আর পাশের ফ্ল্যাটে ভাড়া থাকতেন চাকরিজীবী মৃত্যরঞ্জন সরকার। প্রবীর স্যানাল জানান, গত বুধবার রাত ৯টার দিকে স্ত্রীকে নিয়ে পূজা মন্ডপে ঘুরতে গিয়েছিলেন। রাত সাড়ে ১২টার দিকে বাসায় ফিরে দেখেন, দরজার তালা ভেঙে ভেতরে প্রবেশ করা হয়েছে। ঘরের আসবাবপত্র এলোমেলো, আলমারির তালা খোলা, এবং নগদ এক লাখ টাকা ও

২-এর পৃষ্ঠা দেখুন

## কূটনীতিকদের আগ্রহে জামায়াত, কী জানতে চাইছেন তারা?

সূর্যোদয় প্রতিবেদন

বিগত এক দশক অনেকটা 'আড়ালে' থাকা বাংলাদেশ জামায়াতে ইসলামী আবারও রাজনৈতিক অঙ্গনে আলোচনায়। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে দলটির দৃশ্যমান কার্যক্রম বেড়েছে বহুগুণ। দেশীয় অঙ্গন ছাড়াও আন্তর্জাতিক পর্যায়ে সক্রিয় হয়ে উঠেছে দলটি। গত সেপ্টেম্বর মাসজুড়ে কূটনৈতিক মহলে সবচেয়ে আলোচিত রাজনৈতিক সংগঠন ছিল জামায়াতে ইসলামী। ওই মাসে ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন পর্যবেক্ষণ মিশন (ইইউ ইলেকশন অবজারভেশন মিশন) সরাসরি জামায়াত আমির ডা. শফিকুর

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতে ইসলামী পৌর শাখার গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে মেহেরপুর পৌর শাখার গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার মাগরিবের নামাজের পর পৌর এলাকার প্রধান সড়ক এবং দোকানপাটে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাহবুবুল আলম, জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## ভিন্ন কৌশলে নির্বাচনী মাঠে বিএনপির নারীরা

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচনকে ঘিরে নতুন কৌশলে মাঠে নামতে যাচ্ছে বিএনপির নারীকর্মীরা। তবে এবার সরাসরি কোনো অঙ্গসংগঠন নয়, বরং 'নারী ও শিশু অধিকার ফোরাম'-এর কর্মীদের মাধ্যমেই নারী ভোটারদের কাছে পৌঁছাবে দলটি। ২০১৯ সালের আগস্টে আত্মপ্রকাশ করা এ ফোরামের আহ্বায়ক বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান এবং সদস্য সচিব ঢাকা জেলা বিএনপির সাধারণ সম্পাদক নিপুণ রায় চৌধুরী। তাদের নেতৃত্বেই তৃণমূল পর্যায়ে নারী ভোটারদের সংগঠিত করা হবে এবং ধানের শীষের পক্ষে জনমত গড়ে তোলার চেষ্টা হবে। বিএনপির নীতিনির্ধারণী মহল জানায়, ইতোমধ্যেই জামায়াতে ইসলামী সারাদেশে তাদের মহিলা বিভাগের কর্মীদের সক্রিয় করেছে। ছাত্রী সংগঠনের সদস্যারাও নারী ভোটারদের কাছে গিয়ে নানা প্রতিশ্রুতি ও সহায়তার কথা বলছেন। এই প্রভাব মোকাবিলায় বিএনপি নারী ও শিশু অধিকার ফোরামকে দায়িত্ব দিয়েছে। তবে সমালোচনাও রয়েছে। বিএনপির অনেক নেতাকর্মীর মতে, ফোরামের কার্যক্রম এখনো সারাদেশে বিস্তৃত নয় এবং ভোটারদের দরজায় যাওয়ার কোনো

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর {সীমান্তে মাদক
অস্ত্রের অবাধ
প্রবাহ যুব সমাজ
বিপথগামী}

মাদক হল নষ্টের মূল
তবুও আমরা খাই
টাকা দিয়ে হাত বাড়ালেই
মাদক আমরা ভুরি ভুরি পাই।
যুব সমাজ বেকার হচ্ছে
ব্যবসা করছে ফেনসিডিল
ঘরে বসেই পাচ্ছি আমরা
মদ গাঁজা আর হিরোইন।
যাচ্ছে ডলার আসছে অস্ত্র
বর্ডার থাকছে খোলা
যুব সমাজ ধ্বংস হচ্ছে
যাচ্ছে দেখা অস্ত্র হাতে ঘোরা।
এই অবস্থা চলতে থাকলে
আমার সোনার বাংলাদেশ
সঠিক পথে না চললে
যুব সমাজ হবে শেষ।

## এসসিপিকে দেওয়া হলো বেগুন বালতিসহ ৫০ প্রতিকের অপশন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাদের পছন্দের শাপলা প্রতীকের পরিবর্তে নির্বাচন কমিশন (ইসি) থেকে ৫০টি বিকল্প প্রতীকের মধ্যে একটি বেছে নিতে চিঠি পেয়েছে। ইসির নির্বাচন সহায়তা শাখার উপ-সচিব মো. রফিকুল ইসলাম স্বাক্ষরিত চিঠিটি দলের আহ্বায়ক নাহিদ ইসলামের কাছে পাঠানো হয়েছে। এতে বলা হয়েছে, নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮-এর তালিকায় শাপলা প্রতীক নেই। তাই এনসিপিকে অন্য কোনো প্রতীক বেছে নেওয়ার নির্দেশ দেওয়া

২-এর পৃষ্ঠা দেখুন

## মানুষের মত কথা বলছে শালিক পাখি

নিজস্ব প্রতিবেদক

ময়না বা টিয়া নয়, একটি গাং শালিক কথা বলছে হুবহু মানুষের মত। সালাম দেয়া, মেহমান এসেছে, আল্লাহু আকবর, কেমন আছো এরকম বেশ কয়েক ধরনের ভাষা বলছে পাখিটি। অবিশ্বাস্য হলেও সত্য, এমনিভাবেই একটি গাং শালিককে পোষ মানিয়েছেন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের আব্দুল বারী মোল্লা। মোল্লা বাড়ির ভালোবাসায় বেড়ে ওঠা শালিকটির নাম দিয়েছেন পিটু।

২-এর পৃষ্ঠা দেখুন



সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ১৮ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ৩ অক্টোবর ২০২৫ইং

# নির্বাচনের আগেই হতে পারে মানবতাবিরোধী অপরাধের ৪ মামলার রায়

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ নির্বাচনের আগে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মানবতাবিরোধী অপরাধের কয়েকটি মামলার রায় ঘোষণার সম্ভাবনা দেখা দিয়েছে। গত বছরের জুলাই-আগস্টে সারা দেশে সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনায় করা মামলাসহ অন্তত চারটি মামলার বিচার কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। নভেম্বরেই এসব মামলার রায় ঘোষণা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও পুলিশের সাবেক আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের বিরুদ্ধে করা মামলার সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে। আগামী সপ্তাহে তদন্ত কর্মকর্তার জেরা শেষে যুক্তিতর্ক উপস্থাপন শুরু হবে। এরপর রায়ের দিন ধার্য করবেন ট্রাইব্যুনাল-১। বিচারপতি গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের এই ট্রাইব্যুনালে এখন পর্যন্ত ৫৪ জন সাক্ষ্য দিয়েছেন। এর মধ্যে 'আমার দেশ' পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান, এনসিপি'র আহ্বায়ক নাহিদ ইসলাম ও সদ্য প্রয়াত গবেষক বদরুদ্দীন উমরের জবানবন্দি সাক্ষ্য হিসেবে গ্রহণ করা হয়েছে। মামলার অন্যতম আসামি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন রাজসাক্ষী হয়েছেন। প্রসিকিউশনের আশা, অক্টোবরের মাঝামাঝি বিচারিক কার্যক্রম শেষ করে নভেম্বরে রায় ঘোষণা করা সম্ভব হবে। একইভাবে রাজধানীর চানখাঁরপুলে ছয়জনকে গুলি করে হত্যা, সাভারের আশুলিয়ায় লাশ পোড়ানো এবং রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদ হত্যা মামলার বিচার চলছে। চানখাঁরপুল মামলায় এখন পর্যন্ত ১৭ জন সাক্ষ্য দিয়েছেন। এখানে ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ আটজন পুলিশ সদস্য আসামি। আশুলিয়া হত্যাকাণ্ডে ১৬ আসামির বিরুদ্ধে মামলা চলছে, যাদের মধ্যে সাবেক এমপি সাইফুল ইসলামসহ আটজন পলাতক। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্র হত্যা মামলায় আসামির তালিকায় রয়েছেন সাবেক উপাচার্য, ছাত্রলীগ নেতা ও পুলিশ কর্মকর্তারা। এ মামলার ৩০ আসামির মধ্যে গ্রেপ্তার ছয়জন। আরও মামলা আসছে ট্রাইব্যুনালে প্রসিকিউটর গাজী এম এইচ তামীম জানিয়েছেন, ডিসেম্বরে আরও কয়েকটি মামলার সাক্ষ্যগ্রহণ শেষ হবে। এরপর জানুয়ারির মধ্যেই রায় ঘোষণার মতো অবস্থা তৈরি হতে পারে। তিনি বলেন, "আমাদের কাছে পর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণ আছে। আশা করছি আসামিদের সর্বোচ্চ সাজা হবে।" প্রসিকিউশন সূত্রে জানা গেছে, শিগগিরই আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, সাবেক প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকসহ অন্তত ১০ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হবে। মানবতাবিরোধী অপরাধের মামলায় ইতিমধ্যে গ্রেপ্তার দেখানো হয়েছে সাবেক মন্ত্রী আনিসুল হক, আমির হোসেন আমু, শাজাহান খান, কামরুল ইসলাম, রাশেদ খান মেনন, দীপু মনি, সালমান এফ রহমান, তৌফিক-ই-ইলাহী চৌধুরীসহ অনেকে। এ ছাড়া

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## মাংস খাওয়ার পর হজমে সমস্যা হলে করণীয়

সূর্যোদয় প্রতিবেদন

ভাতে মাছে বাঙালি হলেও প্লেটে মাংস থাকলে সোনায় সোহাগা। ভাত মাংস আর শেষ পাতে ডাল। এ যেন পাঁচ তারকার যে কোনো খাবারকে হার মানাবে। তবে অতিরিক্ত মাংস খাওয়ার কারণে অনেকেই হজমজনিত সমস্যায় পড়েন। মাংস রান্না আয়োজনে শুধু মাংসই রান্না হয় না। এর পাশাপাশি থাকে নানা তৈলাক্ত ও মসলাযুক্ত খাবারও। সেখানেই বাধে বিপত্তি। ফলে সামান্য খাবারের অনিয়মেই দেখা দেয় বদহজম, গ্যাস, পেট ফাঁপা, আমাশয়, ডায়রিয়া বা কোষ্ঠকাঠিন্যের মতো সমস্যা। বিশেষজ্ঞদের মতে, মাংসে উচ্চমাত্রায় প্রোটিন ও চর্বি (ফ্যাট) থাকার কারণে এটি হজমে তুলনামূলকভাবে বেশি সময় নেয়। তবে কিছু প্রাকৃতিক উপাদান রয়েছে, যেগুলো খেলে হজম প্রক্রিয়া সহজ হয় এবং সমস্যা

৩-এর পৃষ্ঠা দেখুন



## প্রধান উপদেষ্টার বক্তব্যে শঙ্কা বাড়ছে: জয়নুল আবদিন ফারুক

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক বিরোধী দলীয় চিফ হুইপ জয়নুল আবদিন ফারুক বলেছেন, জাতিসংঘে গিয়ে প্রধান উপদেষ্টা আল জাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে যে মন্তব্য করেছেন, তা আসন্ন জাতীয় নির্বাচন নিয়ে জনমনে নতুন করে শঙ্কা সৃষ্টি করেছে। বৃহস্পতিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে ঢাকাস্থ সেনবাগ ফোরামের আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশঙ্কার কথা তুলে ধরেন। জয়নুল ফারুক বলেন, "বাংলাদেশে সামনে নির্বাচন নিয়ে একটি শঙ্কার সৃষ্টি হয়েছে। জাতিসংঘে গিয়ে প্রধান উপদেষ্টা বলেছেনড়অনেকেই নাকি তাকে আরও পাঁচ বছর ক্ষমতায় থাকতে বলেছেন। এমন মন্তব্য দিয়ে তিনি কী বার্তা দিতে চাচ্ছেন, সেটিই

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রফি বিতর্কে ভারতকে ধুয়ে দিলেন এবি ডি ভিলিয়ার্স

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপ ২০২৫-এর ফাইনালে পাকিস্তানকে হারিয়ে ৯ম বারের মতো চ্যাম্পিয়ন হয় ভারত। তবে শিরোপা জয়ের পরও ভারতীয় দল এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) চেয়ারম্যান মহসিন নাকভির হাত থেকে ট্রফি নিতে অস্বীকৃতি জানায়। তাদের এমন পদক্ষেপ ঘিরে তৈরি হয়েছে তীব্র বিতর্ক। বিভিন্ন মহল থেকে ভিন্ন ভিন্ন প্রতিক্রিয়া আসতে থাকায় এবার সেই আলোচনায় যোগ দিলেন সাবেক দক্ষিণ আফ্রিকান তারকা এবি ডি ভিলিয়ার্স। তিনি সরাসরি ভারতের সমালোচনা করে বলেন, ক্রিকেটকে রাজনীতির সঙ্গে মেশানো উচিত নয়। ভারতীয় দল আসলে যিনি ট্রফি তুলে দিচ্ছিলেন, তাকে নিয়ে খুশি ছিল না। কিন্তু আমি মনে করি খেলাধুলায় এর কোনো স্থান নেই। রাজনীতি আলাদা,

২-এর পৃষ্ঠা দেখুন



## এনসিপির সংবাদ সম্মেলন বয়কট করলেন সাংবাদিকরা

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নেতাকর্মীদের বিরুদ্ধে সাংবাদিকদের সাথে দুর্ব্যবহারের অভিযোগ উঠেছে। এর জেরে এনসিপির সদস্য সচিব আখতার হোসেন ও জ্যেষ্ঠ যুগ্ম সদস্য সচিব তাসনিম জারার সংবাদ সম্মেলন বর্জন করেন উপস্থিত সাংবাদিকরা। ঘটনাটি ঘটে বৃহস্পতিবার সকাল পৌনে ১০টার দিকে বিমানবন্দরের ভিআইপি ফটকের সামনে। বিমানবন্দর সূত্র জানায়, জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে গত ২২ সেপ্টেম্বর অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস নিউইয়র্কের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। নয় দিনের সফর শেষে বৃহস্পতিবার সকাল ৯টায় তিনি সফরসঙ্গীদের নিয়ে দেশে ফেরেন। সফরসঙ্গীদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিসিবি নির্বাচন নিয়ে তামিম-আসিফ পাল্টাপাল্টি অভিযোগ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) আসন্ন নির্বাচন ঘিরে উত্তাপ বাড়ছে দিন দিন। জাতীয় দলের সাবেক অধিনায়ক তামিম ইকবাল মনোনয়নপত্র প্রত্যাহারের পর অভিযোগ তুলেছিলেন মাঠের ক্রিকেটে ফিক্সিং বন্ধের আগে বিসিবি নির্বাচনের ফিক্সিং বন্ধ করতে হবে।' তামিমের এই মন্তব্যের জবাবে ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া পাল্টা অভিযোগ তুলেছেন। তিনি দাবি করেছেন, ফিক্সিংয়ের চেষ্টা আসলে তামিম ইকবাল ও তার সহযোগীরাই করেছিলেন, যদিও তাতে তারা ব্যর্থ হয়েছেন। আসিফ মাহমুদ বলেন, "ফিক্সিংটা তামিম ভাইয়েরা করার চেষ্টা করেছেন। সভাপতি-সেক্রেটারিদের পক্ষ থেকে কল দিয়ে কাউন্সিলর দেওয়ার চাপ সৃষ্টি করা হয়েছে। ডিসিদের

৩-এর পৃষ্ঠা দেখুন


## ৫৬ বছর পর নিবন্ধন পাচ্ছে জাতীয় লীগ, ফিরে পেতে চায় লাঙ্গল প্রতীক

সূর্যোদয় প্রতিবেদন




দীর্ঘ ৫৬ বছরের পথচলার পর অবশেষে নির্বাচন কমিশন (ইসি) বাংলাদেশ জাতীয় লীগের (বিএনএল) নিবন্ধন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি দলটি তার ঐতিহাসিক প্রতীক 'লাঙ্গল' ফেরত পেতে ইসিতে আবেদন করেছে। জাতীয় লীগের প্রতিষ্ঠাতা আতাউর রহমান খানের নেতৃত্বে ১৯৬৯ সালের ২০ জুলাই পূর্ব পাকিস্তানে দলটি গঠিত হয়। পাকিস্তান জাতীয় পরিষদ নির্বাচনে ১৯৭০ সালে ঢাকা-৩ আসন থেকে ভোটে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন আতাউর। স্বাধীন বাংলাদেশে ১৯৭৩ সালের প্রথম জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৯ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। তখন দলের প্রতীক ছিল 'লাঙ্গল'। দলের চেয়ারম্যান মাহবুবুল আলম জাগো নিউজকে বলেন, "দীর্ঘদিনের সংগ্রামের পর আমাদের দলটি ইসির নিবন্ধন পাচ্ছে। আমাদের দল থেকে প্রথম সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন আতাউর রহমান খান, তিনি ছিলেন প্রধানমন্ত্রীও। কুমিল্লা থেকে দ্বিতীয় সংসদ নির্বাচনে এমপি নির্বাচিত হন প্রফেসর মফিজুল ইসলাম। তিনিও লাঙ্গল প্রতীকে নির্বাচিত হয়েছেন। সুতরাং লাঙ্গল প্রতীকের প্রকৃত হকদার বাংলাদেশ জাতীয় লীগ।" তিনি আরও জানান, লাঙ্গল হারানোর পর দলের প্রতীক

৩-এর পৃষ্ঠা দেখুন




## ইসরায়েলি বাধার মুখে ঝড়ের শঙ্কা তবু এগোচ্ছে সুমুদ ফ্লোটিলা

সূর্যোদয় প্রতিবেদন

গাজার উদ্দেশ্যে যাত্রা করা গ্লোবাল সুমুদ ফ্লোটিলা বর্তমানে চরম অনিশ্চয়তার মধ্যে পড়েছে। একদিকে ইসরায়েলি নৌবাহিনীর বাধা, অন্যদিকে ভূমধ্যসাগরে ঝড়ের শঙ্কাড়সব মিলিয়ে পরিস্থিতি জটিল হয়ে উঠেছে। লাইভ ট্র্যাকার অনুযায়ী, বাংলাদেশ সময় বৃহস্পতিবার দুপুর

৩-এর পৃষ্ঠা দেখুন

## গ্লোবাল সুমুদ ফ্লোটিলা বাংলাদেশি বংশোদ্ভূত রুহি আখতার ও শহিদুল আলম

সূর্যোদয় প্রতিবেদন

সারা বিশ্বের নজর এখন গাজামুখী নৌবহর 'গ্লোবাল সুমুদ ফ্লোটিলা'র দিকে। ফিলিস্তিনের ওপর দীর্ঘদিনের ইসরায়েলি অবরোধ ভাঙতে এবং জরুরি মানবিক সহায়তা পৌঁছে দিতে এ ঐতিহাসিক অভিযানে যোগ দিয়েছেন বিশ্বের নানা প্রান্তের মানবাধিকারকর্মী, রাজনীতিবিদ ও শিল্পীরা। তাদের মধ্যে আছেন বাংলাদেশের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলোকচিত্রী শহিদুল আলম এবং বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ মানবাধিকারকর্মী রুহি লরেন আখতার। রুহি আখতারের জন্ম

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাজায় যুদ্ধ বন্ধে ট্রাম্পের পরিকল্পনা উভয় সংকটে নেতানিয়াহু

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় দীর্ঘস্থায়ী যুদ্ধ বন্ধ ও বিধ্বস্ত অঞ্চলটির পুনর্গঠনে নতুন প্রস্তাব এনেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউসে ঘোষণা করা এই পরিকল্পনা ইতিমধ্যে সমর্থন জানিয়েছে জর্ডান, মিশর, কাতার, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, পাকিস্তান,

২-এর পৃষ্ঠা দেখুন

## কলম্বিয়া থেকে সব ইসরায়েলি কূটনীতিক বহিষ্কার

সূর্যোদয় প্রতিবেদন

কলম্বিয়ায় গাজা ত্রাণবহরে ইসরায়েলের বাধা এবং দুই কলম্বিয়ান কর্মীকে আটক করার অভিযোগের পর দেশটির অবশিষ্ট ইসরায়েলি কূটনীতিকদের বহিষ্কার করা হয়েছে। বুধবার (১ অক্টোবর) এ সিদ্ধান্ত দেন প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো। প্রেসিডেন্ট পেত্রো জানান, ফিলিস্তিনে মানবিক কাজে নিয়োজিত দুই কলম্বিয়ান নারী ড় ম্যানুয়েলা বেদোয়া ও লুনা ব্যারেটো ড় আন্তর্জাতিক জলসীমায় ইসরায়েলি বাহিনী আটক করেছে। তিনি তাদের অবিলম্বে মুক্তির দাবি জানিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## নিষিদ্ধ করা কনটেন্ট নির্মাতাদের সুখবর দিল ইউটিউব

সূর্যোদয় প্রতিবেদন

কভিড-১৯ ও মার্কিন নির্বাচন নিয়ে বিভ্রান্তিমূলক তথ্য ছড়ানোর কারণে পূর্বে নিষিদ্ধ করা কনটেন্ট নির্মাতাদের পুনর্বহালের সিদ্ধান্ত নিয়েছে ইউটিউব। মঙ্গলবার রিপাবলিকান কংগ্রেসম্যান জিম জর্ডানকে পাঠানো এক চিঠিতে এ তথ্য জানিয়েছে মূল প্রতিষ্ঠান অ্যালফাবেট। খবর এএফপির। চিঠিতে বলা হয়েছে, যারা আগে এমন নীতি ভঙ্গের কারণে প্ল্যাটফর্ম থেকে বহিষ্কৃত হয়েছিলেন; কিন্তু এখন আর কার্যকর নয়, তাদের ফিরিয়ে আনা হবে। মুক্ত মতপ্রকাশের প্রতিশ্রুতির অংশ হিসেবে ফিরিয়ে আনা হচ্ছে। অ্যালফাবেট আরও জানিয়েছে, ইউটিউব প্ল্যাটফর্মে রক্ষণশীল কণ্ঠস্বরকে মূল্য দেয় এবং তারা গণতান্ত্রিক আলোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তবে কারা কবে ফিরবেন, তা এখনো স্পষ্ট নয়।

মার্কিন গণমাধ্যম বলছে, সাম্প্রতিক বছরগুলোতে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## মাংস খাওয়ার পর হজমে সমস্যা

(শেষ পৃষ্ঠার পর)

অনেকটা কমে যায়।তেমনই কয়েকটি উপকারী খাবার তুলে ধরা হলো : পেঁপে : পেঁপেতে 'প্যাপেইন' নামক একটি হজমকারী এনজাইম থাকে, যা মাংস হজমে দারুণ সহায়তা করে। তাই সালাদ হিসেবে বা খাবারের সঙ্গে পেঁপে রাখলে উপকার পাবেন। আনারস : এই ফলে রয়েছে 'ব্রোমেলেইন' নামের একটি এনজাইম, যা প্রোটিন ভাঙতে সাহায্য করে। ফলে অতিরিক্ত প্রোটিন গ্রহণের পর হজমের ভারসাম্য রক্ষা করতে আনারস খাওয়া ভালো।

দই : দই বা দই দিয়ে তৈরি খাবারে থাকে প্রোবায়োটিক বা উপকারী ব্যাকটেরিয়া, যা হজম প্রক্রিয়াকে উন্নত করে। বিশেষ করে মাংসজাতীয় খাবার হজমে এটি কার্যকরী ভূমিকা রাখে। এ ছাড়া খাবারের সঙ্গে কোল্ড ড্রিংকসের পরিবর্তে বোরহানি রাখার পরামর্শ দেন বিশেষজ্ঞরা। কারণ বোরহানিতে থাকা মসলা ও উপাদান হজমে সহায়ক ভূমিকা রাখে। তবে যদি হজমের সমস্যা অতিরিক্ত মাত্রায় হয় কিংবা দীর্ঘস্থায়ী হয়ে পড়ে, তাহলে দেরি না করে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

## নির্বাচনের আগেই হতে পারে

(শেষ পৃষ্ঠার পর)

সাবেক মেয়র আতিকুল ইসলাম, সাবেক আইজিপি এ কে এম শহীদুল হক ও ডিএমপির সাবেক কমিশনার আছাদুজ্জামান মিয়াসহ বেশ কয়েকজন উচ্চপদস্থ কর্মকর্তা কারাগারে রয়েছেন। পলাতক আসামিদের পক্ষে রাষ্ট্র নিযুক্ত আইনজীবী আমির হোসেন বলেন, "ডিসেম্বরে আরও কয়েকটি মামলার বিচার শেষ হতে পারে। আমি আদালতকে সহায়তা করছি। রায় কী হবে, সেটা আদালতের বিষয়। তবে আমার আশা আসামিরা খালাস পাবেন।"

## জয়নুল আবদিন ফারুক

(শেষ পৃষ্ঠার পর)

এখন প্রশ্ন। এ ধরনের বক্তব্য নির্বাচনী পরিবেশকে আরও ঘোলাটে করছে।" তিনি অভিযোগ করেন, পাহাড়ে অশান্তি সৃষ্টি ও বিভাজনের চেষ্টা চলছে, যা মূলত জাতীয় নির্বাচন বানচালেরই অপচেষ্টা। "কেউ কেউ বলছে, আওয়ামী লীগ তো নিষিদ্ধ, তারা কি নির্বাচনে অংশ নিতে পারবে? অথচ সরকারের আইন উপদেষ্টা স্পষ্ট জানিয়ে দিয়েছেন, তারা নির্বাচনে অংশ নিতে পারবে না। এসব ইস্যু নিয়েই এখন বিভ্রান্তি ছড়ানো হচ্ছে," বলেন তিনি। প্রধান উপদেষ্টাকে উদ্দেশ করে বিএনপির এই নেতা বলেন, "এক বছর তিন মাস আপনি ক্ষমতায় আছেন। আওয়ামী লীগ সরকার যে হাজার হাজার কোটি টাকা বিদেশে পাচার করেছে, তা কতটুকু ফিরিয়ে আনতে পেরেছেন? ব্যাংকগুলোর আজকে এমন দুরবস্থা কেন? আমরা আপনাকে শ্রদ্ধা করি, আপনার প্রতি আস্থা আছে বলেই বিএনপি বলেড়যেকোনো বিষয়ে আপনার পাশে থাকবে। কিন্তু জনগণকে যদি বলেন, আপনাকে আরও পাঁচ বছর ক্ষমতায় থাকতে হবে, তাহলে প্রশ্ন উঠবেইড়এই পাঁচ বছরও কি গত এক বছরের মতো কাটবে?" তিনি আরও বলেন, "নির্বাচনের তিন মাস আগে এমন কথা বলা সমীচীন নয়। পাহাড়ে অশান্তি, দুর্গাপূজাকে ঘিরে অস্থিরতাড়এসব ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ড। তবে বাংলাদেশের ইতিহাসে ষড়যন্ত্র কখনো সফল হয়নি।" জয়নুল ফারুক অভিযোগ করেন, দেশে অশান্তি সৃষ্টির পেছনে আওয়ামী লীগ ও ভারতের ভূমিকা রয়েছে। তিনি প্রধান উপদেষ্টাকে সতর্ক করে বলেন, "সামনের নির্বাচন আপনার জন্য অগ্নিপরীক্ষা। আপনার চারপাশে অনেক ষড়যন্ত্রকারী আছে, সেদিকে খেয়াল রাখতে হবে।" আলোচনা সভায় ঢাকাস্থ সেনবাগ ফোরামের সভাপতি লায়ন এ বি এম ফারুকের সভাপতিত্বে সাধারণ সম্পাদক মো. মোজাম্মেল হোসেন সেলিমসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## এনসিপির সংবাদ সম্মেলন বয়কট

(শেষ পৃষ্ঠার পর)

মধ্যে ছিলেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের ও সদস্য মোহাম্মদ নকিবুর রহমান, এবং এনসিপির আখতার হোসেন ও তাসনিম জারা। প্রত্যক্ষদর্শী সাংবাদিকদের বরাতে জানা গেছে, ভিআইপি ফটকে হুমায়ুন কবির সাংবাদিকদের সাথে কথা বলছিলেন। এ সময় আখতার হোসেন ও তাসনিম জারাকে স্বাগত জানাতে ফুল ও স্লোগান নিয়ে অবস্থান নেন এনসিপির নেতাকর্মীরা। এতে সাংবাদিকদের কাজ ব্যাহত হয়। এক সাংবাদিক স্লোগান থামাতে অনুরোধ করলে কয়েকজন এনসিপি কর্মী তাদের সঙ্গে দুর্ব্যবহার করেন। এর প্রতিবাদে সাংবাদিকরা নির্ধারিত সংবাদ সম্মেলন বর্জনের ঘোষণা দেন। এ বিষয়ে এনসিপির যুগ্ম মুখ্য সমন্বয়ক ও মিডিয়া সেলের সদস্য খান মুহাম্মদ মুরসালীন এক বিবৃতিতে বলেন,"আখতার হোসেন ও তাসনিম জারা দেশে ফেরার পর বৈশ্বিক নেতৃত্বের প্রেক্ষাপটে বাংলাদেশের সম্ভাবনা, অর্জন ও চ্যালেঞ্জগুলো তুলে ধরতে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছিল। কিন্তু নেতাকর্মীদের আচরণে সাংবাদিকদের সাথে অসদাচরণের অভিযোগ উঠেছে, যা অত্যন্ত দুঃখজনক ও নিন্দনীয়।" তিনি আরও জানান, এ ঘটনায় আখতার হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব এবং যুগ্ম সদস্য সচিব মুশফিক উস সালেহীন সংশ্লিষ্ট সাংবাদিকদের কাছে দুঃখ প্রকাশ করেছেন। পাশাপাশি বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রমাণসাপেক্ষ সাংগঠনিক ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

## ৫৬ বছর পর নিবন্ধন পাচ্ছে জাতীয়

(শেষ পৃষ্ঠার পর)

হিসেবে 'আনারস' নেওয়া হয়েছিল, পরে সেটিও অন্য দলকে দেওয়া হয়েছে। বর্তমানে দলের প্রতীক 'কলার ছড়ি', তবে তারা ইসির কাছে পুনরায় লাঙ্গল প্রতীক চাইবে। বাংলাদেশ জাতীয় লীগ দীর্ঘদিন ধরে নিবন্ধনের জন্য আবেদন করলেও, ২০০৮ সালের পর এ পর্যন্ত তারা সফল হতে পারেনি। ২০২৫ সালে পুনরায় আবেদন করার পর অবশেষে তারা এ পর্যন্ত সফল হয়েছে। জাতীয় পার্টির ভেতরে লাঙ্গল প্রতীক নিয়ে নতুন করে টানাটানি শুরু হয়েছে। জি এম কাদের নেতৃত্বাধীন দল থেকে আলাদা হওয়া রওশনপন্থি ও আনিসুল ইসলাম মাহমুদের অংশও প্রতীকটি দাবি করছে। তবে সাবেক প্রধানমন্ত্রী এরশাদ সরকারের পরিবারও লাঙ্গলের বিষয়ে নতুন বছরে চমকের প্রস্তুতি নেওয়ার কথাও জানিয়েছে। এভাবে নির্বাচনী মাঠে লাঙ্গল প্রতীককে ঘিরে নতুন রাজনৈতিক নাটক দেখা যাচ্ছে। নির্বাচন কমিশনের সিদ্ধান্তের অপেক্ষায় এখন দেশের রাজনৈতিক মহল।

## বিসিবি নির্বাচন নিয়ে তামিম-আসিফ

(শেষ পৃষ্ঠার পর)

ধমক দেওয়া হয়েছে। আমরা এসবের প্রমাণস্বরূপ কিছু কলরেকর্ড ও ডকুমেন্টসও হাতে পেয়েছি।" তিনি আরও জানান, এসব রেকর্ডে হুমকির ইঙ্গিতও পাওয়া গেছে যদি কেউ নির্বাচন করেন, তাহলে জাতীয় নির্বাচন-পরবর্তী সময়ে তার 'পরিণতি ভোগ' করতে হবে। ক্রীড়া উপদেষ্টা দাবি করেন, বিষয়টি দেশের গণ্ডি পেরিয়ে ভারতের তারকা ক্রিকেটার বিরাট কোহলি পর্যন্ত পৌঁছেছে। কেউ একজন ফোন করে বিরাট কোহলিকে এসব অভিযোগ দিয়েছে। পরে কোহলি সেটা গৌতম গম্ভীরসহ অন্যদের সঙ্গে শেয়ার করেছেন। এ ধরনের অভিযোগ বাইরে পৌঁছানো আসলে দেশের জন্য লজ্জাজনক।" কিছু মহলের অভিযোগ, সাবেক সভাপতি নাজমুল হাসান পাপনের মতো আচরণ করছেন আসিফ মাহমুদ। এর জবাবে তিনি বলেন, "পাপন ভাইয়ের সময় ডিস্ট্রিক্ট-ডিভিশন থেকে কাউন্সিলর হয়ে আসতেন রাজনৈতিক নেতারা বা তাঁদের আত্মীয়স্বজন, যাদের ক্রীড়া সংস্থার সঙ্গে কোনো সম্পর্কই ছিল না। তাহলে সেটা যদি বৈধ হয়, আজকের কাঠামো নিয়ে প্রশ্ন কেন?" উল্লেখ্য, বিসিবি নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৬ অক্টোবর। এখনো এনএসসি কোটায় দুই পরিচালক নির্ধারিত হয়নি। ক্রীড়া উপদেষ্টার আশঙ্কা, একটি পক্ষ শেষ মুহূর্তে নির্বাচন ভণ্ডুলের চেষ্টা করতে পারে। তবে, তিনি প্রয়োজনে যেকোনো পক্ষের সঙ্গে আলোচনায় বসতে প্রস্তুত বলে জানিয়েছেন।

## নিষিদ্ধ করা কনটেন্ট নির্মাতাদের

(শেষ পৃষ্ঠার পর)

এফবিআইর সাবেক কর্মকর্তা ড্যান বংগিনো, হোয়াইট হাউসের সাবেক উপদেষ্টা সেবাস্টিয়ান গোরকা ও পডকাস্টার স্টিভ ব্যানন ইউটিউব থেকে নিষিদ্ধ হয়েছিলেন। অ্যালফাবেট অভিযোগ করেছে, বাইডেন প্রশাসন তাদের ওপর এই নিষেধাজ্ঞা আরোপে চাপ সৃষ্টি করেছিল। এমনকি হোয়াইট হাউসের সিনিয়র কর্মকর্তারা বারবার কভিড-১৯ সম্পর্কিত কিছু কনটেন্ট অপসারণের দাবি জানিয়েছিলেন, যদিও সেগুলো কোম্পানির নীতি ভঙ্গ করেনি। ২০২১ সালে দায়িত্ব নেওয়ার পর বাইডেন প্রশাসন অনলাইন প্ল্যাটফর্মগুলোকে বিভ্রান্তিমূলক তথ্য অপসারণে আহ্বান জানিয়েছিল। অন্যদিকে, কংগ্রেসম্যান জিম জর্ডান এক্সে লিখেছেন, তাদের প্রচেষ্টার ফলে ইউটিউব রাজনৈতিক বক্তব্যে সেন্সরশিপ শিথিল করছে, যার মধ্যে কভিড ও নির্বাচন সম্পর্কিত বিষয়ও রয়েছে। তিনি বলেন, 'আমেরিকানদের আর বলা হবে না, কী বিশ্বাস করতে হবে আর কী নয়।' চিঠিতে অ্যালফাবেট স্পষ্ট করে জানায়, ইউটিউব ফ্যাক্ট-চেকারদের কোনো কনটেন্ট সরানোর বা লেবেল করার ক্ষমতা দেয়নি এবং ভবিষ্যতেও দেবে না।

## ইসরায়েলি বাধার মুখে ঝড়ের শঙ্কা

(শেষ পৃষ্ঠার পর)

১টার দিকে 'মিকেনো' নামের একটি নৌকা গাজার আঞ্চলিক জলসীমায় প্রবেশ করে। এটি গাজা উপকূল থেকে মাত্র ১৪ কিলোমিটার দূরে অবস্থান করছে। আয়োজকরা জানিয়েছেন, ইসরায়েলি বাহিনী গাজামুখী নৌযানগুলো আটকে দেওয়ার চেষ্টা করছে। তবে মিকেনোর মতো আরও কয়েকটি নৌযান উপকূলের দিকে অগ্রসর হচ্ছে। গ্লোবাল ফ্লোটিলায় থাকা বাংলাদেশি আলোকচিত্রী ও অধিকারকর্মী শহিদুল আলম জানিয়েছেন, তিনি বর্তমানে বহরের সর্বশেষ নৌযান 'কনশেন্স ফ্লোটিলায়' আছেন। দুপুর ১টার দিকে তিনি ফেসবুকে লেখেন, "গ্রিস কর্তৃপক্ষ ঝড়ের সতর্কতা দিয়েছে। ক্যাপ্টেন গতি বাড়িয়েছেন যাতে ঝড়ের আগেই আমরা এগোতে পারি। গতরাতেও ঝড়ের মুখে পড়েছিলাম। ফ্লোটিলার অন্য নৌযান থেকে আমরা অনেকটাই পিছিয়ে আছি। সামনের দলগুলো ইতোমধ্যে আক্রমণের শিকার হয়েছে। আমরা ভয় না পেয়ে গাজার পথে অগ্রসর হচ্ছি।" শুরুতে প্রায় ৫০টি নৌযান ও ৫০০ কর্মী নিয়ে যাত্রা শুরু করে সুমুদ ফ্লোটিলা। তারা প্রতীকীভাবে গাজার বাসিন্দাদের জন্য খাদ্য ও ওষুধসহ মানবিক সহায়তা বহন করছে। তবে বুধবার রাতে ইসরায়েলি বাহিনী ৩৯টি নৌযান আটক করে এবং দুই শতাধিক অধিকারকর্মীকে গ্রেপ্তার করে। আটককৃতদের মধ্যে সুইডেনের পরিবেশ আন্দোলনের কর্মী গ্রেটা থুনবার্গও রয়েছেন। ইসরায়েলের পররাষ্ট্র মন্ত্রণালয় আটককৃতদের ছবি প্রকাশ করেছে এবং জানিয়েছে, তাদের আশদোদ বন্দরে নেওয়া হচ্ছে। সেখান থেকে ইউরোপে 'নির্বাসন প্রক্রিয়া' শুরু হবে। ইসরায়েলি কর্তৃপক্ষ দাবি করেছে, আটককৃতরা "নিরাপদ ও সুস্থ" আছেন। আল জাজিরার জর্ডান প্রতিনিধি নূর ওদেহ জানিয়েছেন, ইসরায়েলি নৌবাহিনী কাছে আসলেই নৌযানের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। অনেক কর্মী আটক বা নজরদারি এড়াতে তাদের মোবাইল ফোন সাগরে ফেলে দিচ্ছেন। ফলে বহরের অগ্রযাত্রা নিয়ে সঠিক তথ্য পাওয়া ক্রমেই কঠিন হয়ে পড়ছে। বর্তমানে কয়েকটি নৌযান এখনো গাজার দিকে অগ্রসর হচ্ছে। তবে ঝড়ের সতর্কতা এবং ইসরায়েলি নৌবাহিনীর কড়া নজরদারির কারণে এ যাত্রা কতদূর এগোবে সেই প্রশ্নে অনিশ্চয়তা তৈরি হয়েছে।

## গ্লোবাল সুমুদ ফ্লোটিলা বাংলাদেশি

(শেষ পৃষ্ঠার পর)

যুক্তরাজ্যের মরপেথে। বর্তমানে তিনি নিউক্যাসলের এলসউইক ওয়ার্ডে বসবাস করেন। পৈতৃক বাড়ি বাংলাদেশের কাপ্তান মিয়াদের পরিবার। তিনি পেশায় মানবিক সহায়তা কর্মী ও অধিকারকর্মী। নিজের প্রতিষ্ঠিত সংস্থা 'রিফিউজি বিরিয়ানি অ্যান্ড ব্যানানাস' (আরবিবি) এর মাধ্যমে দীর্ঘদিন ধরে শরণার্থী ও যুদ্ধপীড়িত মানুষের পাশে দাঁড়াচ্ছেন। শরণার্থী শিবিরে খাবার ও জরুরি ত্রাণ বিতরণ থেকে শুরু করে নানামুখী মানবিক সহায়তার কাজ করেছেন তিনি। গাজা, গ্রিসসহ বিভিন্ন সংঘাতপ্রবণ এলাকায় আরবিবি'র কার্যক্রম রয়েছে। সংস্থার অনেক সদস্যই বাস্তুচ্যুত বা যুদ্ধাহত পরিবারের সন্তান। মানবিক কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ রুহি ২০২৪ সালে যুক্তরাজ্যের নর্থ ইস্ট বাংলাদেশি অ্যাওয়ার্ডসে 'বাংলাদেশি পার্সন অব দ্য ইয়ার' পুরস্কারে ভূষিত হন। গত মাসে স্পেন থেকে যাত্রা শুরু করে ৪৫টি নৌযানের বিশাল এই বহর। রুহি আখতার যোগ দেন ১৮ সেপ্টেম্বর, তিউনিসিয়ার গামার্থ বন্দর থেকে। তার নৌকায় রয়েছেন আরও ১২ জন কর্মী। বিভিন্ন পথ ধরে আসা তিউনিসিয়া, স্পেন, গ্রিস ও ইতালি থেকে আগত ৪৫ টিরও বেশি নৌযান মিলিত হয়ে এই ফ্লোটিলা গঠন করেছে। "অন্যায়ের মুখে নীরব থাকা কোনো সমাধান নয়। বহুদিন ধরে ফিলিস্তিনিরা খাদ্য, পানি, জমি, মৌলিক নিরাপত্তা এবং চলাচলের স্বাধীনতার মতো মৌলিক অধিকার থেকে বঞ্চিত। একজন মানবিক কর্মী হিসেবে আমি দেখেছি, এক টুকরো রুটি বা সামান্য বিশুদ্ধ পানি কিভাবে সবচেয়ে অন্ধকার সময়ে আশা ফিরিয়ে আনতে পারে। এই নৌবহর হলো সংহতির প্রতীক, যা মনে করিয়ে দেয়ড়বিশ্ব তাকিয়ে আছে এবং আমরা গাজার মানুষের পাশে থাকব যতদিন না তারা মুক্ত হয়।" তবে এই অভিযানে শুরুর দিক থেকেই বাধার মুখে পড়েছে নৌবহর। ইসরায়েলি সেনারা বুধবার থেকে ফ্লোটিলার জাহাজগুলো আটক করতে শুরু করেছে। এখন পর্যন্ত অন্তত ৩৯টি নৌযান আটক করা হয়েছে বলে জানিয়েছে ব্রিটিশ সংবাদ সংস্থা রয়টার্স। আটককৃতদের মধ্যে সুপরিচিত পরিবেশ আন্দোলনকর্মী গ্রেটা থুনবার্গের জাহাজও রয়েছে। গ্লোবাল সুমুদ ফ্লোটিলা কেবল একটি নৌযাত্রা নয়, বরং বিশ্বের অসংখ্য মানুষ ও সংগঠনের সংহতির প্রতীক। গাজায় চলমান মানবিক সংকট এবং অবরোধের বিরুদ্ধে আন্তর্জাতিক জনমত গড়ে তুলতেই এই উদ্যোগ। বাংলাদেশি বংশোদ্ভূত রুহি আখতার ও শহিদুল আলমের অংশগ্রহণ এ অভিযানে দেশের মানুষের জন্যও এক বিশেষ তাৎপর্য বহন করছে। তারা দেখাচ্ছেনড়মানবিক সংকট কোনো ভৌগোলিক সীমানা মানে না, অন্যায়ের প্রতিবাদে সারা বিশ্বের মানুষকেই একসঙ্গে দাঁড়াতে হয়।

## মেঘনা আলমকে হত্যার হুমকি দিচ্ছে সাবেক সৌদি রাষ্ট্রদূতের পরিবার

বিনোদন ডেস্ক

ঢাকায় নিযুক্ত সাবেক সৌদি রাষ্ট্রদূতের পরিবারের পক্ষ থেকে মডেল মেঘনা আলমকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। চলতি বছরের শুরুতে মেঘনা আলমের বিরুদ্ধে ৫ মিলিয়ন ডলার দাবির অভিযোগে মামলা হয়। এই মামলায় মডেলকে প্রতারণা ও চাঁদাবাজির অভিযোগে গ্রেফতার করা হয়েছিল।

সোশ্যাল মিডিয়ায় বৃহস্পতিবার (২ অক্টোবর) মেঘনা আলম লিখেছেন, 'আজ আমার জন্মদিন। এই দিনে ২০১৮ সালে সৌদি কনস্যুলেটের ভেতরে সাংবাদিক জামাল খাশোগিকে হত্যা করা হয়েছিল। সেই ঘটনার মতোই সত্য বলার ভঙ্গুরতা ও ক্ষমতার বিরুদ্ধে দাঁড়ানোর সাহসকে মনে করিয়ে দেয় এই দিন।' মেঘনা আরও উল্লেখ করেছেন, 'আজও আমাকে হত্যা হুমকি দেওয়া হচ্ছে সাবেক রাষ্ট্রদূতের পরিবারের পক্ষ থেকে। কারণ তারা আমাকে ব্যবহার করতে ব্যর্থ হয়েছে এবং বিষয়টি লুকাতে চাচ্ছে।' মেঘনা বলেন, তিনি নির্ভীক এবং আশ্বস্ত রয়েছেন। তিনি আরও বলেন, 'সৌদি আরবের ক্রাউন প্রিন্স আমাকে সমর্থন ও সুরক্ষা দেবেন। কারণ তারা কোনো ব্যক্তিগত স্বার্থ বা রাষ্ট্রদূতের খেয়াল-খুশি অনুযায়ী কাজ করেন না। যারা নারীদের বোকা বানানোর চেষ্টা করে, তাদের বিরুদ্ধে সঠিক ব্যবস্থা নেওয়া হবে।' প্রসঙ্গত, গত ৩০ সেপ্টেম্বর আদালতে মেঘনার প্রতারণা ও চাঁদাবাজির মামলায় তার মোবাইল ফোন, আইপ্যাড এবং পাসপোর্ট জব্দ করার প্রস্তাব মঞ্জুর করা হয়নি। মডেল নিজেই এগুলো তার দখলে রাখতে চেয়েছিলেন।




কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফার্স্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া, গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫০১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা - রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকরণ
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন :
ডা: মোসা: নুরুন্নাহার বেগম
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
ডাঃ ইসরাত জেরিন ইভা
ডা: নাজনীন সুলতানা কনা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), ডিএমইউ, এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত, ডিগ্রি: ডিজিও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ।
ডা: আবু সালেহ মোঃ ইমরান
ডা: অমিত কুমার বিশ্বাস
ডাঃ বি ডি দাস (পিকলু)
ডা: মো: আব্দুল আল মারুফ
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা
উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪০৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
কেওন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা-সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা-দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা-১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০-বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা-দুপুর ২টা, বিকেল ৪টা-রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা-দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা-বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা-বিকেল ৫টা

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ৩ অক্টোবর ২০২৫ ইং

# ইতিহাস, প্রকৃতি আর কৃষিকে ঘিরে মেহেরপুরে নতুন অর্থনীতির দিগন্ত

রাব্বি আহম্মেদ



মেহেরপুর বাংলাদেশের মানচিত্রে ছোট জেলা হলেও ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির ভান্ডার হিসেবে এর বিশেষ অবস্থান রয়েছে। স্বাধীনতার প্রথম সরকার শপথ নিয়েছিল মেহেরপুরের মুজিবনগর আম্রকাননেড়এটি শুধু একটি স্মৃতিবিজড়িত স্থান নয়, বরং বাংলাদেশের জন্মকথার প্রতীক। অথচ মুক্তিযুদ্ধের এই ঐতিহাসিক কেন্দ্রকে এখনো বিশ্বমানের পর্যটনকেন্দ্র হিসেবে গড়ে তোলা যায়নি। জেলা জুড়ে রয়েছে বহু দর্শনীয় স্থান, গ্রামীণ সৌন্দর্য আর কৃষির বৈচিত্র্য, যা পর্যটন শিল্পের জন্য অপরিসীম সম্পদ। কিন্তু দুঃখজনকভাবে এত সম্ভাবনাকে কাজে লাগানোর মতো উদ্যোগ এখনো চোখে পড়ে না। পর্যটন শিল্প কেবল বিনোদনের জন্য নয়, এটি একটি শক্তিশালী অর্থনৈতিক খাত। বিশ্বব্যাপী পর্যটন খাত দেশের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। মেহেরপুরে যদি এই খাতকে সঠিকভাবে বিকশিত করা যায়, তবে স্থানীয় অর্থনীতি চাঙ্গা হওয়ার পাশাপাশি কর্মসংস্থানের নতুন দিগন্ত উন্মোচিত হবে। পর্যটন খাতে নারীদের সম্পৃক্ততা আয়ের নতুন সুযোগ তৈরি করবে, যুব সমাজও বিকল্প কর্মে যুক্ত হতে পারবে। কৃষিভিত্তিক জেলায় কৃষি পর্যটনের সম্ভাবনাও বিরাট। ধানক্ষেত, আমবাগান, গ্রামীণ হাটবাজার কিংবা সীমান্তবর্তী প্রাকৃতিক দৃশ্য পর্যটকদের কাছে আকর্ষণীয় হয়ে উঠতে পারে। বর্তমানে মেহেরপুরে পর্যটকবান্ধব অবকাঠামোর ঘাটতি স্পষ্ট। মানসম্মত হোটেল বা রিসোর্টের অভাব, সড়ক যোগাযোগে দুর্বলতা এবং নিরাপত্তাজনিত আশঙ্কা পর্যটন খাতকে পিছিয়ে দিচ্ছে। পাশাপাশি আধুনিক প্রচারণার ঘাটতিও বড় বাধা। ডিজিটাল প্ল্যাটফর্মে মেহেরপুরের পর্যটন সম্ভাবনা যথাযথভাবে তুলে ধরা হয়নি। পর্যটন মানচিত্রে জেলা হিসেবে মেহেরপুরের পরিচিতি বাড়ানো যায়নি।

প্রথমেই মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত স্থানগুলোকে সংরক্ষণ ও আধুনিকায়ন জরুরি। মুজিবনগর আম্রকাননকে আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে। এর সঙ্গে উন্নত সড়ক যোগাযোগ ব্যবস্থা, নিরাপদ ও আরামদায়ক আবাসন সুবিধা নিশ্চিত করতে হবে। সরকারি ও বেসরকারি পর্যায়ে বিনিয়োগের পরিবেশ তৈরি করলে উদ্যোক্তারা আগ্রহী হবেন। এছাড়া কৃষি পর্যটন, গ্রামীণ কুটির শিল্প, হস্তশিল্প ও সীমান্তভিত্তিক দর্শনীয় স্থানগুলোকে পর্যটন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে।পর্যটন শুধু অর্থনৈতিক নয়, শিক্ষামূলকও হতে পারে। স্কুল-কলেজ শিক্ষার্থীদের জন্য মুজিবনগরকে ইতিহাস জানার ক্ষেত্র হিসেবে ব্যবহার করা যায়। স্থানীয় সংস্কৃতি, লোকগীতি, গ্রামীণ মেলা কিংবা কৃষিভিত্তিক উৎসবকে পর্যটনের সঙ্গে যুক্ত করলে তা পর্যটকদের কাছে বাড়তি আকর্ষণ হয়ে উঠবে। মেহেরপুরের পর্যটন উন্নয়ন কেবল জেলার নয়, জাতীয় অর্থনীতির জন্যও ইতিবাচক প্রভাব ফেলবে। রাজনৈতিক সদিচ্ছা, সরকারি পরিকল্পনা, স্থানীয় উদ্যোক্তা ও সাধারণ মানুষের সম্পৃক্ততা ছাড়া এই সম্ভাবনাকে কাজে লাগানো সম্ভব নয়। এখনই সময় কার্যকর পদক্ষেপ নেওয়ার। ইতিহাস, প্রকৃতি ও কৃষিকে ঘিরে মেহেরপুরকে দেশের অন্যতম প্রধান পর্যটনকেন্দ্রে রূপান্তর করা গেলে একদিকে যেমন অতীতের গৌরব রক্ষা পাবে, অন্যদিকে গড়ে উঠবে নতুন অর্থনীতির দিগন্ত। ( সাংবাদিক)

# ক্ষুধার্তের মুখে আহার দেওয়া অতি উত্তম কাজ

মুহাম্মদ আল আমিন

একটা সমাজে বহু শ্রেণি-পেশার মানুষ বসবাস করে। আর্থিক বিবেচনায় মানুষ তিন ধরনের। ধনী, মধ্যবিত্ত আর গরিব। মধ্যবিত্ত শ্রেণির মানুষ সুখ-সাচ্ছন্দ্য ও অভাব-অনটন উভয়ের মধ্য দিয়ে দিনাতিপাত করে। ধনী থাকে ভোগবিলাসে। যারা দরিদ্র, তারা ধনীদের দ্বারস্থ হয়। পেটের দায়ে হাত পাতে। ভিক্ষাবৃত্তি করে বেড়ায়। আসলে ভিক্ষাবৃত্তি কোনো সম্মানজনক পেশা নয়। পরিস্থিতির শিকার হয়ে অনেকে এই পথে নামে। তাই কখনো কোনো অসহায় দরিদ্র দুমুঠো ভাত খেতে চাইলে কিংবা আর্থিক সাহায্যের আবেদন করলে তা প্রত্যাখ্যান করা অনুচিত; যদি সামর্থ্য থাকে। অনেকে ভিক্ষুককে ধমক ও অপমান করে সাহায্যের পরিবর্তে। অথচ স্বয়ং আল্লাহ তাআলা ভিক্ষুককে ধমক দিতে নিষেধ করেছেন। এ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন, 'এবং যে সাহায্যপ্রার্থী, তাকে ধমকাবেন না।' (সুরা দোহা: ১০) ক্ষুধার্তকে অন্নদান ইসলামে অতি উত্তম একটি কাজ। সামর্থ্য থাকা সত্ত্বেও যারা অনাথ, দরিদ্র মিসকিনকে খালি হাতে ফিরিয়ে দেয়, দুমুঠো ভাত খেতে দেয় না, হেয় প্রতিপন্ন করে। তারা যেন আল্লাহর নিয়ামতের অকৃতজ্ঞতা প্রকাশ করে। তাদের জন্যই প্রস্তুত রয়েছে ভয়ানক জাহান্নাম। হাশরের মাঠে বিচারকার্য শেষে জান্নাতিরা পরস্পরে অথবা ফেরেশতাদের অপরাধীদের সম্পর্কে জিজ্ঞেস করবে, ওরা কোথায়? যখন জানতে পারবে তারা জাহান্নামে, তখন তাদের দিকে তাকিয়ে বলবে, কোন জিনিস তোমাদের জাহান্নামে নিয়ে গেল? তখন তাদের উত্তর হবে এমনড়আমরা নামাজ পড়তাম না। অভাবীদের খাবার খাওয়াতাম না। (সুরা মুদ্দাসির: ৪৪) তাই যারা আর্থিকভাবে সচ্ছল, তাদের উচিত গরিব মিসকিনদের সহযোগিতা করা। অন্যথায় উপরোক্ত আয়াতে বর্ণিত শাস্তি তার জন্য অপেক্ষমাণ।

## সীমান্তে মাদক-অস্ত্রের প্রবাহ রোধে কার্যকর পদক্ষেপ চাই

মেহেরপুর জেলার ৮৯ কিলোমিটার সীমান্তরেখা আজ মাদক ও অস্ত্র চোরাচালানের ভয়াবহ করিডরে পরিণত হয়েছে। প্রতিদিন সীমান্ত দিয়ে ফেনসিডিল, ইয়াবা, কোকেনসহ প্রাণঘাতী মাদক প্রবেশ করছে। শুধু মাদক নয়, আসছে অস্ত্র, গানপাউডার ও বোমা তৈরির সরঞ্জামও। এ অবাধ প্রবাহে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে যুবসমাজ। স্কুল-কলেজের শিক্ষার্থী থেকে শুরু করে বেকার যুবকেরা মাদকাসক্ত হচ্ছে কিংবা মুনাফার আশায় পাচারকারীদের সঙ্গে যুক্ত হচ্ছে। এতে ধ্বংসের দ্বারপ্রান্তে ঠেলে দেওয়া হচ্ছে আমাদের প্রজন্মকে। অভিযোগ রয়েছে, সীমান্তের ওপার থেকে বিএসএফের সহযোগিতা ছাড়া এত বিপুল মাদক প্রবেশ সম্ভব নয়। যদিও বিজিবি ও আইন-শৃঙ্খলা বাহিনী নজরদারি বাড়িয়েছে, তবু পাচারকারীরা প্রতিনিয়ত নতুন কৌশল নিচ্ছে। ধরা পড়ছে শুধু বাহক, অথচ মূল হোতারা থেকে যাচ্ছে ধরাছোঁয়ার বাইরে। শুধু অভিযান চালিয়ে এ সংকট মোকাবিলা করা যাবে না। বড় পৃষ্ঠপোষকদের আইনের আওতায় আনতে হবে। পাশাপাশি সীমান্ত এলাকায় বিকল্প কর্মসংস্থান সৃষ্টি জরুরি, যাতে যুবকেরা সহজ অর্থের লোভে অপরাধে না জড়ায়। শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন ও পরিবারকে যুক্ত করে সচেতনতা ও প্রতিরোধ আন্দোলন গড়ে তুলতে হবে। মেহেরপুরের সীমান্ত সংকট কেবল একটি জেলার সমস্যা নয়; এখান থেকে সারা দেশে ছড়িয়ে পড়ছে মাদক। তাই সমন্বিত কৌশল গ্রহণ, আন্তরাষ্ট্রীয় কূটনৈতিক পদক্ষেপ ও কঠোর নজরদারির বিকল্প নেই। যুবসমাজকে রক্ষা করাই আজ জাতিকে রক্ষার শর্ত।

## ছোট্ট শিশু, বড়ো শোক: মটমুড়ার

(প্রথম পৃষ্টার পর)

শিশুটিকে জেনারেল হাসপাতালে পাঠানো হয়। স্থানীয়দের মধ্যে শিশু হত্যার ঘটনা গভীর শোক ও উদ্বেগ সৃষ্টি করেছে। সামাজিক সচেতনতার অভাব ও অবৈধ সম্পর্কের কারণে এমন ট্র্যাজিক ঘটনা পুনরায় এড়াতে স্থানীয়দের সতর্ক থাকার আহ্বান জানিয়েছে সমাজকর্মীরা।

## উইমেন'স ওয়ানডে বিশ্বকাপ

(প্রথম পৃষ্টার পর)

জয়টি পেয়েছিল পাকিস্তানের বিপক্ষে। সেই পাকিস্তানকে পরের বিশ্বকাপে আবার হারালেন নিগার, নাহিদারা।

ম্যাচের প্রথম ওভারে চমৎকার দুটি ডেলিভারিতে পরপর দুই উইকেট নিয়ে সুর বেঁধে দেন মারুফা আক্তার। পরে দারুণ বোলিং করেন অন্যরাও। ফিল্ডিংও হয় বেশ ভালো। ৬৭ রানে ৫ উইকেট হারিয়ে ধুঁকতে থাকা পাকিস্তান কোনোমতে করতে পারে ১২৯।

বাংলাদেশের হয়ে ছয় জন হাত ঘুরিয়ে অন্তত একটি উইকেট পান সবাই। ৩.৩ ওভারে ৩ মেডেনে স্রেফ ৫ রানে পাকিস্তানের শেষ ৩ উইকেট নিয়ে সফলতম বোলার লেগ স্পিনিং অলরাউন্ডার স্বর্ণা আক্তার।

নিয়ন্ত্রিত বোলিংয়ে ৩১ রানে ২ উইকেট নিয়ে ম্যাচ-সেরার স্বীকৃতি পান পেসার মারুফা। বাঁহাতি স্পিনার নাহিদা আক্তারও নেন ২টি উইকেট, ১৯ রান দিয়ে।

ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ওয়ানডে সিরিজ জিতে বিশ্বকাপে আসা পাকিস্তানের হয়ে ত্রিশ ছুঁতে পারেননি কেউই।

ম্যাচের একমাত্র ফিফটি আসে রুবাইয়ার ব্যাট থেকে। এরই মধ্যে ছয়টি টি-টোয়েন্টি খেলা বাঁহাতি ওপেনার ৭৭ বলে অপরাজিত ৫৪ রানের ইনিংসে দলের জয় সঙ্গে নিয়ে ফেরেন।

বাংলাদেশের তৃতীয় ক্রিকেটার হিসেবে উইমেন'স ওয়ানডে অভিষেকে ফিফটি করলেন তিনি। ২০১১ সালে একই ম্যাচে এই স্বাদ পেয়েছিলেন দুই ওপেনার আয়েশা রহমান ও শারমিন আক্তার।

গত এপ্রিলে লাহোরে বিশ্বকাপ বাছাইয়ে পাকিস্তানের বিপক্ষে খেলার পর মাঝে আর কোনো আন্তর্জাতিক ম্যাচ খেলেনি বাংলাদেশ। বিশ্বকাপের আগে দুটি প্রস্তুতি ম্যাচের একটি বৃষ্টিতে ভেসে যাওয়ার পর আরেকটি শ্রীলঙ্কাকে ১ রানে হারান নিগাররা। প্রায় সাড়ে পাঁচ মাস পর আন্তর্জাতিক ম্যাচ খেলতে নেমে তারা কেমন করতে পারেন, সেটি নিয়ে ছিল বড় কৌতূহল। তবে বিশ্বকাপ অভিযানের শুরুতে সব দিক থেকেই উজ্জীবিত পারফরম্যান্স উপহার দিল বাংলাদেশ।

কলম্বোর উইকেটে ঘাসের ছোঁয়া ছিল কিছুটা। টস জিতে ব্যাটিংয়ে নামে পাকিস্তান। প্রথম ওভারের পঞ্চম বলে ভেতরে ঢোকানো দারুণ ডেলিভারিতে ওমাইমা সোহেলকে বোল্ড করে দেন মারুফা। পরের বলে আরেকটি চমৎকার ডেলিভারিতে ব্যাটে লেগে বোল্ড হন দারুণ ছন্দে থাকা ব্যাটার সিদরা আমিন।

এই ম্যাচে নামার আগে ২০২৫ সালে ওয়ানডেতে সিদরার ব্যাটিং গড় ছিল ৮৬.৩৩, সবশেষ ছয় ওয়ানডেতে দুটি সেঞ্চুরির পাশে ফিফটি তিনটি। সেই তিনি এই সংস্করণে শূন্য রানে ফিরলেন সাড়ে ছয় বছর পর, প্রথম বলে আউট হলেন প্রথমবার।

মারুফার হ্যাটট্রিক বল ঠেকিয়ে দেন মুনিবা আলি। শুরুর জোড়া ধাক্কা তিনি সামাল দেওয়ার চেষ্টা করেন রামিন শামিমের সঙ্গে জুটিতে। ৪২ রানের জুটি গড়েন তারা। এটিই হয়ে থাকে শেষ পর্যন্ত ইনিংসের সর্বোচ্চ জুটি।

মুনিবাকে ফিরিয়ে জুটি ভাঙেন নাহিদা। দারুণ নিচু ক্যাচ নেন ফিল্ডার নিশিতা আক্তার। নাহিদার পরের ওভারে বোলারকে সহজ ফিরতি ক্যাচ দিয়ে ফেরেন রামিন। তার ২৩ রানই ইনিংসের সর্বোচ্চ।

এরপর নিয়মিত উইকেট হারায় পাকিস্তান। স্বর্ণা বোলিং পান ৩৩তম ওভারে। পরপর দুই ওভারে কোনো রান না দিয়ে দুই উইকেট শিকার করেন তিনি। রান দেননি নিজের তৃতীয় ওভারেও। তার চতুর্থ ওভারের প্রথম বলে চার মারার পর সিঙ্গেল নেন ডায়ানা বেগ। পরের বলেই সাদিয়া ইকবালের আউটে ইনিংসের সমাপ্তি।

সংক্ষিপ্ত স্কোর:

পাকিস্তান: ৩৮.৩ ওভারে ১২৯ (মুনিবা ১৭, ওমাইমা ০, সিদরা আমিন ০, রামিন ২৩, রিয়াজ ১৩, সিদরা নাওয়াজ ১৫, ফাতিমা ২২, নাতালিয়া ৯, ডায়ানা ১৬*, নাশরা ১, সাদিয়া ৪; মারুফা ৭-০-৩১-২, নিশিতা ৬-০-২৮-১, নাহিদা ৮-১-১৯-২, ফাহিমা ৭-১-৩২-১, রাবেয়া ৭-২-১৩-১, স্বর্ণা ৩.৩-৩-৫-৩)

বাংলাদেশ: ৩১.১ ওভারে ১৩১/৩ (ফারজানা ২, রুবাইয়া ৫৪*, শারমিন ১০, নিগার ২৩, সোবহানা ২৪*; ফাতিমা ৮-১-৩০-১, ডায়ানা ৮-৩-১৪-১, সাদিয়া ৬-০-২১-০, রামিন ৫-০-২৫-১, নাশরা ৩.১-১-২৭-০, ওমাইমা ১-০-৯-০)

ফল: বাংলাদেশ ৭ উইকেটে জয়ী

প্লেয়ার অব দা ম্যাচ: মারুফা আক্তার

## নিখোঁজের ৯ ঘন্টা পর মরদেহ উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

"শিশুটির শরীরে কোনো আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। পরিবারের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।" পুলিশ ও পরিবারের সূত্রে জানা যায়, গতকাল বুধবার দুপুর ১২টার পর থেকে রাইসাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। বিভিন্ন জায়গায় খোঁজখবর করার পরও তার সন্ধান না পাওয়ায় রাতের দিকে স্থানীয়রা ডোবায় ভাসতে থাকা শিশুর মরদেহ দেখতে পান এবং পুলিশকে খবর দেয়। পরে পুলিশ মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়।

## আমঝুপিতে হিন্দুদের খাদ্যসামগ্রী

(প্রথম পৃষ্টার পর)

জাব্বারুল ইসলাম মাষ্টার। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার দিকে ইউনিয়নের দরিদ্র ও নিম্ন আয়ের পরিবারের হাতে চাল, ডাল, আটা, তেল ও আলুসহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রী তুলে দেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আমির মহসিন আলী, আমঝুপি রাধা মাধব মন্দিরের শারদীয় পূজা উদযাপন কমিটির সভাপতি নারায়ন হালদার, সেক্রেটারি চন্দন কুমার বিশ্বাস, মঙ্গল কুমার বিশ্বাস এবং চাঁদবীল পূজা উদযাপন কমিটির সভাপতি শ্রী জয়দেব হালদার প্রমুখ। খাদ্য বিতরণ অনুষ্ঠানে জাব্বারুল ইসলাম মাষ্টার বলেন, "মানুষ মানুষের জন্য। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করে সকল ধর্ম-বর্ণের মানুষের পাশে দাঁড়ানো আমার দায়িত্ব। আমি সবসময় অসহায় মানুষের সেবায় নিজেকে নিয়োজিত রাখতে চাই। নির্বাচন সামনে হলেও আমার এই কার্যক্রম শুধুমাত্র মানবিক দায়িত্ববোধ থেকেই।"খাদ্যসামগ্রী বিতরণে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। এলাকাবাসী এ উদ্যোগকে সাধুবাদ জানিয়ে তার মঙ্গল কামনা করেন। সঞ্চালনায় ছিলেন আমঝুপি ইউনিয়ন জামায়াতের অফিস সম্পাদক আজিজুল ইসলাম।

## মানুষের মত কথা বলছে শালিক পাখি

(প্রথম পৃষ্টার পর)

নাম ধরে ডাকলে সাড়া দেয়, হাতে ও কাঁধে করে ঘুরে বেড়ান বিভিন্ন জায়গায়। জলাশয়ের ধারে এ জাতীয় শালিক বাসা বাঁধে বলে এদের স্থানীয় ভাষায় গাং শালিক বলা হয়। প্রায় দুবছর আগে পুকুরে মাছ ধরার সময় পাড়ে পড়েছিল এই শালিকের বাচ্চাটি। সেটি তুলে এনে আদর যত্নে বড় করতে থাকেন বারী মোল্লা। সন্তানের মতো লালন-পালন করে পোষ মানান পাখিটিকে। বাড়িতে অপরিচিত কেউ এলে 'মেহমান এসেছে' বলে সম্ভাষণ জানায়, কেমন আছো জিজ্ঞেস করে, সালাম দেয়। শুধু তাই নয়, তারা আল্লাহর নাম নিয়ে জিকির করে, বারী মোল্লাকে চুমুও দেয়। আব্দুল বারী মোল্লা বলেন, পুকুরপাড়ে কুড়িয়ে পেয়েছিলাম বাচ্চাটি। পরে বাড়তে এনে মুরগীর ফিড নরম করে খাওয়ানো শুরু করি। সে ধিরে ধিরে বড় হতে থাকে। এরমধ্যে শুনলাম শালিক পাখি নাকি কথা বলে। তাই ভাবলাম আমিও একটু চেষ্টা করে দেখি। পাখিটির বয়স যখন তিনমাস তখন থেকে তাকে কথা বলানোর চেষ্টা করতে থাকলাম। পাখিটির কাছে গিয়ে বিভিন্ন কথা বলতাম, বার বার বলতাম। এক পর্যায়ে সে সালাম দেয়া শেখে। পরে আরও কয়েকটি ভাষা তাকে শেখানো হয়। তবে বয়স বেড়ে যাচ্ছে পাখিটির এখন আর আগের মত চঞ্চল নেই। একা একা যখন মন চায় তখন কথা বলে। পাখিটি একনজর দেখার জন্য মোল্লা বাড়ি আসে অনেকেই। সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের সুজন আলী জানান, হুবহু মানুষের মত করে কথা বলছে শালিক পাখি। এটি সত্যিই অবিশ্বাস্য। আমরা প্রথমে দেখে অবাক হয়েছিলাম। শালিকা গ্রামের মজনু আলী বলেন, বারী দাদা মাঝে মধ্যে চায়ের দোকানে নিয়ে আসতো পাখিটি। আমাদের মাথায় বসতে বললে মাথায় চলে আসতো। চুম্মা দেওয়ার কথা বললে চুম্মা দেয়।

## এসসিপিকে দেওয়া হলো বেগুন

(প্রথম পৃষ্টার পর)

হয়েছে। চিঠিতে আরও উল্লেখ করা হয়েছে, নিবন্ধিত কোনো দলের জন্য নির্ধারিত প্রতীক সব প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। তবে চাইলে ভবিষ্যতে তালিকাভুক্ত অন্য কোনো প্রতীকে পরিবর্তনের সুযোগ থাকবে। ইসি এনসিপিকে ৭ অক্টোবরের মধ্যে লিখিতভাবে প্রতীক বাছাই করার নির্দেশ দিয়েছে। প্রতীকগুলোর মধ্যে রয়েছে আলমিরা, খাট, উটপাখি, ঘুড়ি, চশমা, দালান, বেগুন, চার্জার লাইট, কম্পিউটার, জগ, জাহাজ, টিউবওয়েল, টিফিন ক্যারিয়ার, টেবিল, টেলিফোন, ফ্রিজ, তবলা, মোরগ, কলম, তরমুজ, বাঁশি, লাউ, কলস, চিংড়ি, বেঞ্চ, লিচু, দোলনা, প্রজাপতি, ফুটবল, ফুলের টব, মোড়া, বালতি, কলা, মগ, মাইক, ময়ূর, মোবাইল ফোন, শঙ্খ, সেলাই মেশিন, সোফা, হরিণ, হাঁস, হেলিকপ্টারসহ আরও কয়েকটি প্রতীক। ইসি সূত্র জানায়, শুরুতে এনসিপি শাপলা, কলম ও মোবাইল ফোন প্রতীক প্রস্তাব করেছিল। পরে তারা শাপলার পরিবর্তে লাল বা সাদা শাপলা চেয়েছিল। কিন্তু কমিশনের তালিকায় এসব প্রতীক না থাকায় আবেদন গৃহীত হয়নি।

এই নিয়ে দলের পক্ষ থেকে শাপলা প্রতীকের দাবি জানানো হলেও প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) নাসির উদ্দিন জানিয়েছেন, "রাজনৈতিক নেতারা নানা কথা বলেন, এটি তাদের অধিকার। আমরা আইন অনুযায়ী কাজ করব। কোনো হুমকিই আমরা গুরুত্ব দিই না।" বর্তমানে ইসিতে নিবন্ধিত দলের সংখ্যা ৫২টি। ২০০৮ সালে নিবন্ধন প্রথা চালুর পর থেকে মোট ৫৬টি দল নিবন্ধন পেয়েছিল, তবে কয়েকটি দলের নিবন্ধন বাতিল হয়েছে। সম্প্রতি জামায়াতে ইসলামী ও জাগপা আদালতের রায়ের মাধ্যমে নিবন্ধন ফিরে পেয়েছে; তবে ইসি কেবল জামায়াতকে পুনঃনিবন্ধন দিয়েছে। ইসি সচিব আখতার আহমেদ জানিয়েছেন, এনসিপিসহ দুইটি দলকে নতুন করে নিবন্ধন দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া আরও ১৩টি দলের আবেদন বর্তমানে পর্যালোচনার মধ্যে রয়েছে।

## কুষ্টিয়ার আড়ুয়াপাড়ায় বাসায় চুরি

(প্রথম পৃষ্টার পর)

প্রায় ৬ ভরি সোনার গহনা লোপ পেয়ে গেছে। অন্য ভুক্তভোগী মৃত্যরঞ্জন সরকারও জানান, একই রাতে তার বাসাতেও চুরি হয়েছে। তিনি বলেন, নগদ ৩৫ হাজার টাকা এবং এক ভরি সোনার গহনা চোরেরা নিয়ে গেছে। প্রতিবেশী বা বাড়িওয়ালা চুরি সংক্রান্ত কোনো খবর না পাওয়ায় ধারণা করা হচ্ছে, স্থানীয় কোনো চক্র বাসায় ভুক্তভোগীদের গতিবিধি অনুসরণ করে এই চুরি করেছে। কুস্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোশারফ হোসেন বলেন, ঘটনার রাতেই পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে এবং চুরির বিষয়ে গুরুতরভাবে তদন্ত চলছে। একটি লোহার সাবল ও সেলাই রেঞ্জ জব্দ করা হয়েছে। মামলার প্রস্তুতি চলছে।

## ভিন্ন কৌশলে নির্বাচনী মাঠে

(প্রথম পৃষ্টার পর)

কর্মসূচি হাতে নেয়নি। ফলে এর কার্যকারিতা নিয়ে সংশয় আছে। সেলিমা রহমান বলেন, "নির্বাচন সামনে রেখে আমাদের অঙ্গসংগঠনগুলো মাঠে কাজ করছে। আমাদের মূল বার্তাড় যে রাজনৈতিক সংস্কৃতি ও নৈতিক অবক্ষয় থেকে দেশকে বের করে এনে একটি সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে চাইলে সবাইকে সচেতন হতে হবে।" অন্যদিকে মহিলা দলের নেতারা বলছেন, তাদের আলাদাভাবে মাঠে নামানো হচ্ছে না। তবে প্রত্যেক কর্মী বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী জনগণের দোরগোড়ায় যাচ্ছেন। সূত্র জানায়, ফোরামের কর্মসূচিতে বিএনপি সমর্থিত সাবেক ও বর্তমান জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা হবে। ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পরিষদের নেতাদের একত্র করে নারীর অধিকার, সুরক্ষা ও ক্ষমতায়ন বিষয়ে বার্তা দেওয়া হবে। আগামী ১৪ অক্টোবর খুলনা বিভাগ দিয়ে এ কর্মসূচি শুরু হবে। নিপুণ রায় চৌধুরী বলেন, "আমাদের লক্ষ্য নারী ভোটারদের সচেতন করা। বিএনপির ভাবনা, নারীর অধিকার ও সুরক্ষার বিষয়গুলো তুলে ধরাই হবে এ কর্মসূচির মূল উদ্দেশ্য।"

## কূটনীতিকদের আগ্রহে জামায়াত, কী

(প্রথম পৃষ্টার পর)

রহমানের সঙ্গে বৈঠক করেছে। শুধু তাই নয়, স্পেন, সুইডেন, আর্জেন্টিনা, ভুটানসহ অন্তত ১৯ দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিকরা জামায়াতের সঙ্গে বৈঠক করেছেন। জামায়াত নেতাদের দাবি, বৈঠকে মূলত বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি, আসন্ন নির্বাচন, মানবাধিকার ও গণতান্ত্রিক প্রক্রিয়া নিয়ে আলোচনা হয়েছে। এছাড়া শরিয়াহ আইন ও সহিংসতার অভিযোগসহ দলটির বিরুদ্ধে প্রচলিত নানা প্রোপাগান্ডা নিয়েও প্রশ্ন করেছেন কূটনীতিকরা।

জামায়াতের সহকারী সেক্রেটারি হামিদুর রহমান আযাদ বলেন, "আমাদের বিরুদ্ধে অপপ্রচার নিয়ে বিদেশি প্রতিনিধিরা সরাসরি জানতে চান। আমরা ব্যাখ্যা দেওয়ার পর তারা বলেন, এসব অভিযোগ মিথ্যা এবং অনেকে হাসেনও।" ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক রুহুল আমিন মনে করেন, জামায়াতের প্রতি পশ্চিমাদের আগ্রহ বাড়ার পেছনে কয়েকটি কারণ রয়েছে। "আওয়ামী লীগ সরকার দীর্ঘদিন ধরে জামায়াতকে মৌলবাদী ও উগ্রপন্থি হিসেবে প্রচার করেছে। কিন্তু পশ্চিমা বিশ্ব এখন নতুনভাবে দলটিকে মূল্যায়ন করছে। তারা বুঝতে পারছে, জামায়াতের সাংগঠনিক শক্তি ও রাজনৈতিক সম্ভাবনা রয়েছে। গণতান্ত্রিক প্রক্রিয়ায়ও তাদের প্রভাব বাড়ছে।" তিনি আরও বলেন, পশ্চিমাদের দৃষ্টিতে বর্তমানে ইসলামি দলগুলো গণতন্ত্রের জন্য হুমকি নয়, বরং গণতন্ত্র টিকিয়ে রাখার সহায়ক শক্তি। মানবাধিকার, সুশাসন ও অন্তর্ভুক্তি বিষয়ে আলোচনার কারণেই কূটনীতিকরা জামায়াতকে গুরুত্ব দিচ্ছেন। জামায়াত নেতারা মনে করছেন, চলমান বৈঠকগুলো দলটির জন্য নতুন রাজনৈতিক সুযোগ তৈরি করবে। আগামী ২০২৬ সালের জাতীয় নির্বাচনে তাদের ভূমিকা ও অবস্থান নিয়েও কূটনীতিকরা আগ্রহী হয়ে উঠেছেন।

সব মিলিয়ে, দীর্ঘ রাজনৈতিক নির্বাসনের পর আবারও আন্তর্জাতিক অঙ্গনে জায়গা করে নিচ্ছে জামায়াতে ইসলামী। তবে এই ধারাবাহিক যোগাযোগ ভবিষ্যৎ রাজনীতিতে কতটা প্রভাব ফেলবে, সেটিই এখন মূল প্রশ্ন।

## জামায়াতে ইসলামী পৌর শাখার

(প্রথম পৃষ্টার পর)

শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার, বকুল মাষ্টার আব্দুর সালামসহ জেলার এবং পৌর শাখার অন্যান্য নেতৃবৃন্দ। গণসংযোগে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বৃদ্ধির পাশাপাশি দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থনের আহ্বান জানানো হয়।

## ঝিনাইদহে যাত্রীবাহী বাসের চাপায়

(প্রথম পৃষ্টার পর)

হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মৃত্যুঞ্জয় বিশ্বাস জানান, দুপুরে সদর উপজেলার হলিধানী বাজার থেকে ব্যাটারিচালিত ভ্যানে যাত্রী নিয়ে নগরবাথান বাজারে যাচ্ছিলেন ভ্যানচালক নজরুল ইসলাম। পথে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের আঠারো মাইল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাস ভ্যানটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই শিশু সিফাত হোসেন মারা যায়।

ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস বলেন, দুর্ঘটনায় আহত দুজনকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক নজরুল ইসলামকে মৃত ঘোষণা করেন। আহত অপর ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হয়।

## গাংনী প্রাণিসম্পদ হাসপাতালে

(প্রথম পৃষ্টার পর)

করতে হচ্ছে। হাসপাতালের সূত্রে জানা গেছে, শূন্য পদগুলো হলোড় উপজেলা প্রাণিসম্পদ সহকারী একজন, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট (ভিএফএ) তিনজন, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট (কৃত্রিম প্রজনন) একজন এবং অফিস সহায়ক একজন। ১৯৯৮ সাল থেকে এই পদগুলো শূন্য থাকলেও পূরণ হয়নি। উপজেলায় পারিবারিক ও বাণিজ্যিকভাবে মোট ১৪,৫০৪টি পশুপাখির খামার রয়েছে। এর মধ্যে গাভির খামার ২,০৮৯টি, গরু হৃষ্টপুষ্টকরণ খামার ৭,৩৭৪টি, ছাগলের খামার ৩,৭৭৩টি এবং মুরগি ও হাঁসের খামার প্রায় ৬৯৩টি। মাত্র পাঁচজন কর্মী এত বিপুলসংখ্যক পশুর চিকিৎসা দিতে হিমশিম খাচ্ছেন।

স্থানীয় খামারি এনামুল হক বলেন, "জনবল সংকট না থাকলে আমরা কম খরচে চিকিৎসা করাতে পারতাম। এখন অনেক টাকা খরচ করে বাইরে চিকিৎসক খুঁজতে হচ্ছে।" করমদী গ্রামের মো. স্বপন আলী যোগ করেন, "সরকারিভাবে চিকিৎসা দেওয়া হলে খরচ অনেক কমে যায়। তাই দ্রুত পদ পূরণ করা জরুরি।" উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী বলেন, "শূন্য পদগুলো দ্রুত পূর্ণ হলে আমরা সেবার মান উন্নত করতে পারব। ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছে।" খামারিরা আশা করছেন, সরকার দ্রুত পদ পূরণের মাধ্যমে সেবা ফিরিয়ে আনবে, যাতে প্রত্যেক গ্রামে পশুপাখির সঠিক চিকিৎসা পৌঁছাতে পারে এবং তাদের অতিরিক্ত অর্থ খরচের চাপ কমে।

## গাংনীতে আদর্শ শিক্ষক ফেডারেশনের

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। কর্মশালায় প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের সহকারি জেনারেল সেক্রেটারি ও ঢাকা মডেল কলেজের সহকারী অধ্যাপক রবিউল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের মেহেরপুর জেলা শাখার সেক্রেটারি ও এ আর বি ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক হাবিবুর রহমান। কর্মশালার সভাপতিত্ব করেন জেলা শাখার সভাপতি ও করমদি ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক মাওলানা আবুল হাশেম। অনুষ্ঠানে গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

## দেবী মায়ের বিদায়ে অশ্রুসিক্ত ভক্তরা

(প্রথম পৃষ্টার পর)

দিয়ে শেষ হয় এবারের দুর্গোৎসব। হিন্দুধর্মাবলম্বীরা জানান, সনাতন বিশ্বাস অনুযায়ী বিজয়া দশমীর দিনে দেবী দুর্গা কৈলাসে ফিরে যান হাতিতে চড়ে। তবে প্রতিমা বিসর্জনের পাশাপাশি মানুষের অন্তরে থাকা অসুরিক প্রবৃত্তিড়কাম, ক্রোধ, লোভ, হিংসা ও লালসার প্রতীকী বিসর্জনই মূল তাৎপর্য। ভ্রাতৃত্ব, সৌহার্দ্য ও শান্তি প্রতিষ্ঠার অঙ্গীকারই বিজয়া দশমীর প্রকৃত বার্তা। বিসর্জনের আগে মণ্ডপে মণ্ডপে অনুষ্ঠিত হয় ঐতিহ্যবাহী সিঁদুর খেলা। স্বামীর মঙ্গল কামনায় নারীরা দেবীর সিঁথির সিঁদুর নিজেদের সিঁথিতে তুলে নেন এবং দেবীর চরণের সিঁদুর মেখে একে অপরকে রাঙিয়ে দেন। এসময় পূজামণ্ডপগুলো মুখরিত হয়ে ওঠে নারীদের উপস্থিতি আর ভক্তিমূলক আবহে। দিনভর নানা আচার শেষে প্রতিমা বিসর্জনের মুহূর্তে আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়। চোখে জল আর কণ্ঠে জয়ধ্বনিতে ভরে ওঠে চারপাশ। ভক্তরা গাইতে থাকেনড় "আসছে বছর আবার হবে"। বিজয়া দশমী উপলক্ষে জেলার বিভিন্ন স্থানে স্থানীয় উদ্যোগে নানা সাংস্কৃতিক অনুষ্ঠানও আয়োজন করা হয়। তবে মূল উৎসবকে কেন্দ্র করে প্রতিমা বিসর্জন মঞ্চেই জমে ওঠে সবচেয়ে বড় আয়োজন। আনন্দ-উল্লাসের মাঝেও ভক্তদের মুখে ছিল বিদায়ের বেদনা এবং আগামী বছরের অপেক্ষা। মেহেরপুর জেলা পুলিশ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করে।মেহেরপুর জেলা প্রশাসন জানায়, প্রতিটি পূজামণ্ডপ সিসিটিভির আওতায় আনা হয়েছিল। কঠোর নিরাপত্তা ও সুষ্ঠু ব্যবস্থাপনার মধ্য দিয়ে এবারের পূজা ও বিসর্জন কার্যক্রম কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই শেষ হয়েছে।

## গাজায় যুদ্ধ বন্ধে ট্রাম্পের পরিকল্পনা

(শেষ পৃষ্টার পর)

ইন্দোনেশিয়া ও তুরস্কসহ শীর্ষস্থানীয় আরব ও মুসলিমপ্রধান দেশগুলো। সবচেয়ে আলোচিত বিষয় হলোড়প্রথমবারের মতো ট্রাম্প ইসরাইলকে চাপ দিয়ে যুদ্ধ থামানোর উদ্যোগ নিয়েছেন। ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু প্রকাশ্যে এই প্রস্তাবকে সমর্থন করলেও, এর ভেতরের মূল প্রশ্নড়ফিলিস্তিন রাষ্ট্র গঠনের সম্ভাবনাড়তাকে ফেলেছে উভয় সংকটে। পরিকল্পনা অনুযায়ী, কয়েকটি ধাপে ইসরাইলি সেনারা গাজা থেকে সরে আসবে, শুরু হবে পুনর্গঠন কার্যক্রম। পাশাপাশি সংস্কার করা হবে রামাল্লাভিত্তিক ফিলিস্তিনি কর্তৃপক্ষকে, যাতে ভবিষ্যতে একটি স্বাধীন ফিলিস্তিনি রাষ্ট্র প্রতিষ্ঠার "বিশ্বাসযোগ্য পথ" তৈরি হয়। ট্রাম্প স্পষ্টভাবে জানিয়েছেন, হামাসকে মাত্র তিন থেকে চার দিনের মধ্যে 'হ্যাঁ অথবা না' জবাব দিতে হবে। নচেৎ যুদ্ধ চলবে। এই প্রস্তাব অনেকাংশে বাইডেন প্রশাসনের আগের পরিকল্পনার প্রতিধ্বনি, যা নেতানিয়াহুর জোটের কট্টর ডানপন্থিদের অতিরিক্ত শর্তে ব্যর্থ হয়ে যায়। হোয়াইট হাউসে দাঁড়িয়ে নেতানিয়াহু ইংরেজিতে ট্রাম্পের পরিকল্পনার সমর্থন জানালেও দেশে ফেরার পর ভিন্ন সুরে কথা বলেছেন। হিব্রু ভাষায় প্রচারিত বার্তায় তিনি বলেন, "না, একেবারেই না। আমরা দৃঢ়ভাবে ফিলিস্তিনি রাষ্ট্রকে প্রতিরোধ করব।" এ অবস্থায় দ্বিমুখী চাপের মুখে রয়েছেন তিনি। ট্রাম্প ও আন্তর্জাতিক চাপ: প্রস্তাবের বিরোধিতা করলে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা বিশ্বের মিত্ররা ক্ষুব্ধ হতে পারে। দেশীয় উগ্রপন্থিদের চাপ: পরিকল্পনায় সম্মত হলে তার জোটের কট্টর ডানপন্থিরা বিদ্রোহ করতে পারে, যারা গাজাকে ইসরাইলের সঙ্গে একীভূত করতে চায়। যুক্তরাজ্য ও ইউরোপীয় দেশগুলো ইতিমধ্যে পরিকল্পনার প্রতি সমর্থন জানিয়েছে। আরব ও মুসলিমপ্রধান দেশগুলোর মতে, এই প্রস্তাব ইসরাইলিদের সম্পূর্ণ প্রত্যাহার, গাজার পুনর্গঠন এবং দ্বি-রাষ্ট্রীয় সমাধানের ভিত্তিতে ন্যায়সঙ্গত শান্তির পথ খুলে দিতে পারে। তবে ইসরাইলি চরমপন্থিরা একে "মিউনিখ চুক্তির" সঙ্গে তুলনা করেছেনড়যেখানে আপসের বিনিময়ে চেকোস্লোভাকিয়ার ভূখণ্ড নাৎসিদের হাতে তুলে দেওয়া হয়েছিল। বিশ্লেষকদের মতে, ট্রাম্পের প্রস্তাবের শক্তি হলো এর গতিশীলতাড়অর্থাৎ দ্রুত সমাধানের প্রচেষ্টা। কিন্তু দুর্বলতা হলো বিস্তারিত কৌশলের অভাব, যা ট্রাম্পের কূটনীতির বৈশিষ্ট্য হিসেবেই পরিচিত। চুক্তি কার্যকর করতে হলে জটিল আলোচনার দরকার হবে, আর সেখানেই এর ভেস্তে যাওয়ার ঝুঁকি রয়ে গেছে।

## কলম্বিয়া থেকে সব ইসরায়েলি

(শেষ পৃষ্টার পর)

বলেন, এ ধরনের ঘটনা নতুন আন্তর্জাতিক অপরাধের শামিল। ইসরায়েলি পররাষ্ট্র মন্ত্রণালয় অবশ্য দাবি করেছে, নৌবহরের কয়েকটি জাহাজ 'নিরাপদভাবে থামানো হয়েছে' এবং যাত্রীদের ইসরায়েলি বন্দরে নেওয়া হচ্ছে। পেত্রো গত বছরই ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেন। তবে বোগোতায় তখনও চারজন ইসরায়েলি কূটনীতিক কর্মরত ছিলেন। এবার পেত্রো তাদের সকলকে বহিষ্কার করার ঘোষণা দেন এবং ২০২০ সাল থেকে কার্যকর মুক্তবাণিজ্য চুক্তি বাতিল করেন। কলম্বিয়ার বামপন্থী এই প্রেসিডেন্ট দীর্ঘদিন ধরেই ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহুর সমালোচক। তিনি নেতানিয়াহুকে 'গণহত্যাকারী' আখ্যা দিয়েছেন এবং যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে 'গণহত্যার সহযোগী' হিসেবে অভিহিত করেছেন। গত সপ্তাহে নিউইয়র্কে ফিলিস্তিনপন্থী এক বিক্ষোভে অংশ নেওয়ার পর পেত্রো মার্কিন সেনাদের ট্রাম্পের নির্দেশ অমান্য করার আহ্বান জানান। এর পরিপ্রেক্ষিতে ওয়াশিংটন তার ভিসা বাতিল করে।

## ট্রফি বিতর্কে ভারতকে ধুয়ে দিলেন

(শেষ পৃষ্টার পর)

খেলাধুলা আলাদা। এবি ডি ভিলিয়ার্স তার ইউটিউব চ্যানেলে তিনি একথা বলেন। এবি ডি ভিলিয়ার্স আরও বলেন, খেলাধুলাকে তার নিজস্ব আনন্দের জায়গা থেকে উদ্?যাপন করা উচিত। এটা সত্যিই দুঃখজনক ছিল, তবে আশা করি ভবিষ্যতে বিষয়টা মিটে যাবে। এমন ঘটনা খেলোয়াড়দের জন্য বিব্রতকর পরিস্থিতি তৈরি করে, যা আমি একদমই পছন্দ করি না। ফাইনালের শেষে আসলেই পরিস্থিতি ছিল বেশ অস্বস্তিকর। তবে বিতর্কের বাইরে ভারতীয় দলের ক্রিকেটীয় পারফরম্যান্স নিয়ে প্রশংসা করেছেন ডি ভিলিয়ার্স। তিনি বলেন, ভারত অসাধারণ ফর্মে আছে। সামনে টি-টোয়েন্টি বিশ্বকাপ খুব দূরে নয়। ভারতীয় দল প্রতিভায় ভরপুর এবং বড় ম্যাচে নিজেদের প্রমাণ করতে জানে। তাদের এই দাপুটে খেলা সত্যিই উপভোগ্য।